কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪১ সংখ্যা ৪১ | কলকাতা | বুধবার, ১২ মে ২০২১/১ | ২৮ বৈশাখ ১৪২৮ | দাম ৪.০০ টাকা | ৮ পাতা | R. N. 37120/80

রাজ্যের ৭২৩৭ আসনে নার্সিংয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

## গোরখপুর এইমসে ১২৭ প্রফেসর

১২৭ জন প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে গোরখপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর AIIMS/GKP/RECT/2021.

**শূন্যপদের বিন্যাস:** প্রফেসর ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। অ্যাডিশনাল প্রফেসর ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। অ্যাসোসিয়েট প্রফেসর

এরপর তিনের পাতায়

## গোয়া শিপইয়ার্ডে ১৩০

ওয়েল্ডার, স্ট্রাকচারাল ফিটার, জেনারেল ফিটার-সহ বিভিন্ন পদে ১৩০ জনকে নেবে গোয়া শিপইয়ার্ড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 03/2021.

শূন্যপদের বিবরণ: জেনারেল ফিটার ৫টি, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কিউ এ) ৩টি, আনস্কিলড ২৫টি, এফ আর পি ল্যামিনেটর ৫টি, ই ও টি ক্রেন অপারেটর ১০টি, ওয়েল্ডার ২৬টি, স্ট্রাকচারাল ফিটার ৪২টি, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (স্টোর্স) ৫টি, ট্রেনি খালাসি ৯টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা: জেনারেল ফিটার: ওয়েল্ডার:** আই টি আই কোর্স পাশ।

জেনারেল ফিটার ট্রেডের ক্ষেত্রে ফিটার বা ফিটার জেনারেল ট্রেডে আই টি আই কোর্স পাশ প্রার্থীরা আবেদন করবেন। আই টি আই কোর্স পাশ, সঙ্গে উপরোক্ত সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি টি ভি টি কর্তৃক স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকলেও আবেদন করা যাবে।

**স্ট্রাকচারাল ফিটার:** আই টি আই কোর্স পাশ, সঙ্গে স্ট্রাকচারাল ফিটার বা ফিটার বা ফিটার জেনারেল বা শিট মেটাল ওয়ার্কার ট্রেডে এন সি টি ভি টি কর্তৃক স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**ই ও টি ক্রেন অপারেটর:** মাধ্যমিক, সঙ্গে আই টি আই কোর্স পাশ।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কোয়ালিটি অ্যাশিওরেন্স):** শিপবিল্ডিং ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সঙ্গে এন ডি টি লেভেল-টু সার্টিফিকেট এবং অটোক্যাড সার্টিফিকেট থাকতে হবে।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (স্টোর্স):** মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা শিপবিল্ডিং বা প্রোডাকশন বা

এরপর তিনের পাতায়

## ব্যাঙ্ক নোট প্রেস ও মিন্টে ১৩১

জুনিয়র টেকনিশিয়ান এবং জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদে ১৩১ জনকে নেবে মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেস এবং নয়ডার ইন্ডিয়া গভর্নমেন্ট মিন্ট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BNP/HR/08/2020.

**শূন্যপদের বিবরণ: ব্যাঙ্ক নোট প্রেস:** জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ১৫টি, জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি): ৬০টি, জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং): ২৩টি, জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল/আই টি): ১৫টি, জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল/এসি): ১৫টি।

**ইন্ডিয়া গভর্নমেন্ট মিন্ট:** জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ৩টি।

**শিক্ষাগত যোগ্যতা:** জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি): ডাইস্টাফ টেকনোলজি বা পেইন্ট টেকনোলজি বা সারফেস কোটিং টেকনোলজি বা প্রিন্টিং ইঙ্ক টেকনোলজি বা প্রিন্টিং টেকনোলজিতে আই টি আই কোর্স পাশ।

**জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং):** লিথো অফসেট মেশিন মাইন্ডার বা লেটার প্রেস মেশিন মাইন্ডার বা অফসেট প্রিন্টিং বা প্লেট মেকিং বা ইলেক্ট্রোপ্লেটিং বা হ্যান্ড কম্পোজিং বা প্লেটমেকার-কাম-ইম্পোজিটর ট্রেডে আই টি আই কোর্স পাশ।

**জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল/আই টি):** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স ট্রেডে

এরপর তিনের পাতায়

## নতুন প্রযুক্তির মাস্ক তৈরি করা শিখে রোজগার করুন

**করোনা অতিমারির দিনকালে সুস্থ থাকতে মাস্ক অতীব দরকারি, অথচ অনেকেই দীর্ঘক্ষণ মাস্ক পরে থাকতে নানা কারণে শারীরিক অস্বস্তি অনুভব করেন। হাওড়ার একটি সংস্থা চেনা মাস্ককে করে তুলেছে অনেক বেশি আরামদায়ক আর উপযোগী। তাদের তৈরি এয়ারকুলড মাস্ক তৈরি করা শিখে নিজেই ব্যবসা করতে পারেন। প্রশিক্ষণ দেবে নির্মাতা সংস্থাই।**

**নিজস্ব প্রতিনিধি:** করোনার দ্বিতীয় ঢেউয়ে আমাদের স্বাভাবিক জীবন বিপর্যস্ত। অর্থনীতির পাশাপাশি স্বাস্থ্যব্যবস্থাও একেবারে ভেঙে পড়েছে। এই সময় এই রোগ থেকে বাঁচতে মাস্ক পরা অত্যন্ত জরুরি। তবে, মাস্ক পরে অধিকাংশ মানুষই স্বচ্ছন্দ বোধ করেন না। অনেকেই অভিযোগ করেন গ্রীষ্মের প্রবল গরমে মাস্ক পরলে শ্বাসকষ্ট হয়, বিশেষ করে বয়স্ক মানুষদের। মাস্ক পরে দীর্ঘক্ষণ শারীরিক শ্রমের কাজ করাও সম্ভব হয় না। কিন্তু অতিমারির এই বাড়াবাড়ি প্রকোপের সময় মাস্ক পরাকে অভ্যাসে পরিণত করে তোলা ছাড়া অন্য কোনও উপায় নেই। এই পরিস্থিতিতে সারা পৃথিবী জুড়ে চলছে নতুন ধরনের মাস্ক তৈরির কাজ। শুধু মানুষকে স্বস্তি দেওয়াই নয়, মাস্ক যাতে আরও কার্যকরী হয়ে এই ভাইরাসের সঙ্গে লড়তে সক্ষম হয় সে নিয়েই কাজ চলছে প্রতিনিয়ত।

আমাদের রাজ্যেও বিভিন্ন সংস্থা এই লক্ষ্যে কাজ করছে।

হাওড়ার স্পেকট্রাম কনসালট্যান্টস দীর্ঘ গবেষণার পর তৈরি করেছে সম্পূর্ণ এয়ারকুলড মাস্ক। সংস্থার কর্ণধার সঞ্জয় ঘোষের দাবি, গরমে এই এয়ারকুলড মাস্ক ব্যবহার করলে সাধারণ মাস্কের তুলনায় অনেক বেশি স্বচ্ছন্দ বোধ করা যাবে। সেই সঙ্গে এই মাস্ক বেশ হালকা, পরিষ্কারও করা যায় এবং রিচার্জেবল। দাম ৮০০-৮৫০ টাকা। যে-কোনও বয়সের মানুষ এই মাস্ক ব্যবহার করতে পারবেন।

স্পেকট্রাম ভারত সরকারের ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের সঙ্গে যুক্ত এবং ওড়িশা সরকারের প্রযুক্তিগত শিক্ষাপ্রতিষ্ঠানের দীর্ঘ দিনের নলেজ পার্টনার। ৩৫ বছরের এই সংস্থা বিভিন্ন প্রযুক্তির ব্যবহারিক প্রয়োগ ও প্রশিক্ষণের সঙ্গে যুক্ত। এই এয়ারকুলড মাস্ক 3M 8210-N95 মাস্কের উপর বৈদ্যুতিক মডিউলার বসিয়ে তৈরি করা হয়েছে। এর উপাদান আমাদের দেশে সহজলভ্য। স্পেকট্রাম শুধু এই মাস্ক উৎপাদন করছে না, এই মাস্ক তৈরির প্রশিক্ষণও দিচ্ছে। এখনও অন্য কোনও সংস্থা এয়ারকুলড মাস্ক তৈরি করেনি। ফলে অভিনব এই মাস্ক তৈরি করা শিখে নিজে উৎপাদন করে ব্যবসা করতে পারেন। এছাড়াও স্পেকট্রামের তৈরি মাস্কের ডিলারশিপ বা ডিস্ট্রিবিউটরশিপ নিয়ে ভালো রোজগার করতে পারেন।

**প্রশিক্ষণের জন্য যোগ্যতা:** উচ্চমাধ্যমিক পাশ বা সমতুল।

**প্রশিক্ষণের মেয়াদ:** এক থেকে দেড় মাস। ক্লাসের সংখ্যা ১২ থেকে ১৫।

এরপর আটের পাতায়

## কলকাতা পুরসভায় ১২১ ডাক্তার

১২১ জন চিকিৎসক নেবে কলকাতা পুরসভা। ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে পূর্ণ ও আংশিক সময়ের জন্য চুক্তিতে নিয়োগ করা হবে বিভিন্ন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে।

**শূন্যপদের বিবরণ: মেডিক্যাল অফিসার (পূর্ণ সময়):** ৫০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৫, ও বি সি-এ ১২, ও বি সি-বি ৭, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ৩)।

ওয়াক-ইন-ইন্টারভিউয়ের তারিখ ১৭ মে, সকাল সাড়ে ১১টা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/Kolkata City NUHM Society/2021-22.

**মেডিক্যাল অফিসার (আংশিক সময়):** ৭১টি।

ওয়াক-ইন-ইন্টারভিউয়ের তারিখ ২৪ মে, সকাল সাড়ে ১১টা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/Kolkata City NUHM Society/2021-22.

**শিক্ষাগত যোগ্যতা:** মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এম বি বি এস, সঙ্গে ১ বছরের বাধ্যতামূলক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। বয়স: ১-৫-২০২১ তারিখে ৬২ বছরের মধ্যে হতে হবে।

বেতন: পূর্ণ সময়ের ক্ষেত্রে প্রতি মাসে ৬০,০০০ টাকা এবং আংশিক সময়ের

এরপর তিনের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## দুর্গাপুর স্টিল প্লান্ট হসপিটালে নার্সদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ

৮৩ জন নার্সকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দিচ্ছে দুর্গাপুর স্টিল প্লান্ট হসপিটাল। প্রশিক্ষণের মেয়াদ দেড় বছর। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: DSP/PERS-NW/PTN/2021/DETL.

প্রশিক্ষণ দেওয়া হবে কোভিড, আই সি ইউ, এন আই সি ইউ, বি আই সি ইউ, মেডিসিন, সার্জারি, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনেকোলজি, পেডিয়াট্রিকস, ক্যাজুয়াল্টি, অর্থোপেডিক্স, চেস্ট-সহ অন্যান্য ক্ষেত্রে।

**শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল নার্সিং ও মিডওয়াইফারিতে ডিপ্লোমা বা নার্সিংয়ে বি এসসি। নার্স হিসেবে বৈধ রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে। আবেদনের সময় সার্টিফিকেট না পেয়ে থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে প্রশিক্ষণ শুরুর তিন মাসের মধ্যে সার্টিফিকেট জমা দিতে হবে।

**বয়স:** ১৭-৫-২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৮,০০০ টাকা। সেই সঙ্গে নলেজ এনহ্যান্সমেন্ট অ্যালাওয়েন্স।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন বা অফলাইন ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://sail.co.in আবেদনের শেষ তারিখ ১৭ মে। আবেদনের সময় আপলোড করতে হবে এইসব নথি— ✓সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, ✓সই (উভয়ই জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা, ৫০ কেবি সাইজের মধ্যে), ✓শিক্ষাগত যোগ্যতার নথি, ✓প্যান কার্ড, ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা, প্রতিটি ৪০০ কেবি সাইজের মধ্যে)।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

### সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

48(d): From the table it is clear that the increase in rate from the previous year for hepatitis is the maximum in 2020.

49(c): Percentage of typhoid out of the total in:

$2013 = \frac{46}{88} \times 100 = 52.27\%$

$2014 = \frac{60}{126} \times 100 = 47.62\%$

$2015 = \frac{60}{124} \times 100 = 48.39\%$

$2016 = \frac{109}{211} \times 100 = 51.66\%$

$2017 = \frac{122}{192} \times 100 = 63.54\%$

$2018 = \frac{99}{165} \times 100 = 60\%$

$2019 = \frac{98}{144} \times 100 = 68.05\%$

$2020 = \frac{96}{191} \times 100 = 50.26\%$

∴ Required answer is year 2019.

50(a): Required answer $= \frac{86 \times 27500000}{100000} = 23650.$

51(b): Required rate $= 192 - 122 = 70.$

52(a); Average rate of hepatitis

$= \frac{27+44+47+86+56+57+39+86}{8} = \frac{442}{8}$

Average rate of Typhoid $= \frac{46+60+60+109+122+99+98+96}{8}$

$= \frac{690}{8}\%.$

Required difference $= \frac{690}{8} - \frac{442}{8} = \frac{248}{8} = 31.$

53(a): Required difference $= 7000 \times \frac{15}{100} \times \frac{60}{100} - 7000 \times \frac{15}{100} \times 40$
$= 630 - 420 = 210.$

54(c): Promotee clerk I $= 7000 \times \frac{19}{100} \times \frac{10}{100} = 133$

Direct Recruit Clerk I $= 7000 \times \frac{19}{100} \times \frac{90}{100} = 1197$

Required percentage $= \frac{133}{1197} \times 100 = 10.8 \cong 11\%.$

55(a): Required answer $= 7000 \times \frac{17}{100} = 1190.$

56(a): Average of direct recruits $= \frac{30+40+50+90+30+90+70}{7}$

$= \frac{400}{7}$

∴ Required total $= \frac{400}{7} \times \frac{7000}{100} = 4000.$

57(a): Total percentage of (Clerk-I and Officer-I) = 19 + 8 = 27%
Direct recruit percentage of Clerk-I and Officer-I = 90% each
∴ Required answer is clerk-1 and officer-1.

58(a): Total angle representing = [(E + S + Social science – (H + M)] = (55 + 80 + 65 – (70 + 90) = 200 – 160 = 40°

Required percentage $= \frac{40}{360} \times 100 = 11\frac{1}{9}\%.$

59(a): Total angle representing = (H + M) – (E + Social Science) = (70 + 90) – (55 + 65) = 160 – 120 = 40°

Required marks $= \frac{40}{360} \times 540 = 60.$

60(c): For 540 marks, angle = 360°

For 105 marks angle $= \left(\frac{360}{540} \times 105\right) = 70^\circ$

∴ Required answer is Hindi.

61(d): For 10% marks, angle = 360°

For 22.2% marks, angle $= \left(\frac{360}{100} \times 22.2\right) = (79.92)^\circ \cong 80^\circ$

∴ The answer is Science.

62(c): S – E = (80° – 55°) = 25°
(90° – 65°) = 25° = Angle made by (M – S.Sc)

63(a): Speed of running train $= \frac{\text{Length of (1st train + IInd train)}}{\text{Time}}$

∴ Information given in all the three statements are required.

64(c): From III 0 = Rs. 1600
From I and III M = Rs. 1200 + 0
or, M = Rs.1200 + Rs. 1600 = Rs. 2800 ... (i)
From II and equation (i)
N = Rs. (800 + 2800) = Rs. 3600
∴ All three are required.

65(b): From I,
SI after 8 years = Rs. 6400 ∴ SI after 4 years = Rs. 3200
From III,

Principal $= \frac{20}{100} \times 3200 =$ Rs. 640

এরপর ছয়ের পাতায়

# রাজ্যের ৭২৩৭ আসনে নার্সিংয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

32. বারনৌলির উপপাদ্য কোন সংরক্ষণ সূত্রের ওপর নির্ভর করে?
(a) বল (b) শক্তি (c) ভরবেগ (d) ভর

33. এক জুল সমান আর্গ হবে:
(a) $10^3$ (b) $10^4$ (c) $10^7$ (d) $10^9$

34. এক গ্রাম তরলকে 1° সেন্টিগ্রেড উষ্ণতা বৃদ্ধি করতে যে তাপের প্রয়োজন হয় তাকে বলে:
(a) আপেক্ষিক তাপ (b) তাপগ্রাহীতা (c) লীনতাপ (d) জলসম

35. কোনও গ্যাসের বাষ্পঘনত্ব 25। ওই গ্যাসের আণবিক গুরুত্ব হবে:
(a) 50 (b) 48 (c) 52 (d) 54

36. শব্দের ক্ষেত্রে v, n এবং λ-এর মধ্যেকার সম্পর্ক হল:
(a) $n = \frac{v}{\lambda}$ (b) $\lambda = \frac{n}{v}$ (c) $\lambda = v_n$ (d) কোনওটিই নয়

37. একটি পরিবাহীর মধ্য দিয়ে ইলেকট্রন চলাচলে বাধা দেয় সেটি হল:
(a) কুলম্ব (b) ওহম (c) অ্যাম্পিয়ার (d) সিমেন্স

38. কোন রশ্মির বেগ আলোর বেগের সমান হবে?
(a) α রশ্মি (b) β রশ্মি (c) γ রশ্মি (d) কোনওটিই নয়

39. কোনও বস্তুর তাপমাত্রা 1k বৃদ্ধি করতে প্রয়োজনীয় তাপকে বলা হয়:
(a) আপেক্ষিক তাপ (b) তাপ গ্রাহিতা (c) জলসম (d) লীনতাপ

40. অপটিক্যাল তাপ ফাইবারের কার্যনীতি হল:
(a) প্রতিসরণ (b) অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন (c) বিক্ষেপ (d) প্রতিফলন

#### অ্যারিথমেটিক

41. যদি 45 – [28 – {37 – (15 – x)}] = 58, তাহলে x-এর মান কত হবে?
(a) 19 (b) 21 (c) 23 (d) 25

42. $(a^3 + b^3)$ এবং $(a^4 - b^4)$-এর ল.সা.গু. নির্ণয় করুন:
(a) $(a^3 + b^3)(a^2 + b^2)(a - b)$ (b) $(a^3 + b^3)(a + b)(a^2 + b^2)$ (c) $(a + b)(a^2 + ab + b^2)(a^3 + b^3)$ (d) $(a^3 + b^3)(a^2 - b^2)(a - b)$

43. যদি $2^{x-1} + 2^{x+1} = 320$, x-এর মান নির্ণয় করুন:
(a) 6 (b) 8 (c) 5 (d) 7

44. সরলীকরণ করুন: $\frac{\frac{7}{8}\times\frac{7}{8}+\frac{5}{6}\times\frac{5}{6}+\frac{7}{8}\times\frac{10}{6}}{\frac{7}{8}\times\frac{7}{8}-\frac{5}{6}\times\frac{5}{6}}$
(a) 41 (b) 42 (c) 43 (d) 44

45. একটি ট্রেন কলকাতা থেকে মুম্বই ঘণ্টায় 50 কিলোমিটার বেগে যায় এবং মুম্বই থেকে কলকাতায় ঘণ্টায় 60 কিলোমিটার বেগে ফিরে আসে। ট্রেনটির গড় গতিবেগ হবে:
(a) $54\frac{6}{11}$ কিমি (b) 55 কিমি (c) $56\frac{1}{4}$ কিমি (d) 57 কিমি

#### জেনারেল নলেজ

46. শশাঙ্ক কোন রাজবংশের রাজা ছিলেন?
(a) গৌড় (b) সেন (c) পাল (d) কামরূপ

47. 'তত্ত্ববোধিনী সভা' প্রতিষ্ঠা করেছিলেন?
(a) ডিরোজিও (b) রামমোহন রায় (c) স্বামী বিবেকানন্দ (d) দেবেন্দ্রনাথ ঠাকুর

48. 'পূর্ণস্বরাজ' দিবস প্রথম কবে পালিত হয়েছিল?
(a) 15 অগস্ট, 1947 (b) 15 অগস্ট, 1930 (c) 26 জানুয়ারি, 1950 (d) 26 জানুয়ারি, 1930

49. কুচিপুড়ি নৃত্যটি কোন ভারতীয় রাজ্যের নৃত্য?
(a) কেরল (b) অন্ধ্রপ্রদেশ (c) কর্নাটক (d) তামিলনাড়ু

50. পশ্চিমবঙ্গের সুন্দরবনের মৃত্তিকা হল:
(a) লাল মাটি (b) লবণাক্ত কাদামাটি (c) পলিমাটি (d) কালোমাটি

#### ইংরেজি গ্রামার

51. Choose the correct spelling:
(a) Asumption (b) Assumption (c) Assamption (d) Ajumption

52. Mahatma Gandhi's martyrdom day is _____ on January.
(a) celebrated (b) commemorated (c) observed (d) commiserated

53. Choose the wrongly spelt word:
(a) Reverence (b) Defference (c) Reference (d) Difference

54. A good teacher _____ students to achieve good results.

এরপর সাতের পাতায়

# রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কোনও ধাতব বস্তুকে উত্তপ্ত করলে তার থেকে বেরিয়ে আসে:
(a) ইলেকট্রন (b) প্রোটন (c) নিউট্রন (d) সবগুলো

2. একটি মোটর পরিবর্তন করে:
(a) AC থেকে DC (b) DC থেকে AC (c) যান্ত্রিক শক্তি থেকে তড়িৎ শক্তি (d) তড়িৎ শক্তি থেকে যান্ত্রিক শক্তি

3. নীচে দেওয়া সংখ্যাগুলির পরবর্তী সংখ্যাটি হবে:
0, 1, 4, 15, 64, ______
(a) 320 (b) 322 (c) 325 (d) 525

4. রামচরিতের রচয়িতা কে?
(a) ধর্মপাল (b) সন্ধ্যাকর নন্দী (c) গোপাল (d) রামপাল

5. কোনও পরীক্ষায় 58% ইংরেজিতে এবং 68% অঙ্কে পাস করল। যদি উভয় বিষয়ে 17% ফেল করে এবং উভয় বিষয়ে 215 জন পাশ করে, তবে মোট পরিক্ষার্থীর সংখ্যা:
(a) 450 (b) 475 (c) 480 (d) 500

6. 1921 সালে মোপলা বিদ্রোহ শুরু হয়:
(a) অসমে (b) কেরলে (c) পাঞ্জাবে (d) বাংলায়

7. বায়ুমণ্ডলে কোন গ্যাস অতিবেগুনি রশ্মিকে শুষে নেয়?
(a) মিথেন (b) নাইট্রোজেন (c) ওজোন (d) হিলিয়াম

8. নীচের রাশিগুলির মধ্যে কোনটি স্কেলার রাশি চিহ্নিত করুন:
(a) সরণ (b) তাপমাত্রা (c) গতিবেগ (d) বল

9. একজন মানুষ পৃথিবীতে 2 মিটার উচ্চতা পর্যন্ত লাফাতে পারে। চাঁদে গেলে কত উচ্চতা পর্যন্ত লাফাতে পারবে?
(a) 4 মিটার (b) 6 মিটার (c) 10 মিটার (d) 12 মিটার

10. পরম স্কেলে 27° C এর পাঠ কত হবে?
(a) 273° k (b) 300° k (c) 350° k (d) 200° k

11. সিনেমা হলের পর্দা হওয়া উচিত:
(a) অমসৃন ও সাদা (b) মসৃন ও সাদা (c) মসৃন ও রঙিন (d) অমসৃন ও রঙিন

12. কোনও এক নির্বাচনে দু'জন Candidate-এর মধ্যে একজন 41% ভোট পেয়ে 2412 ভোটের ব্যবধানে পরাজিত হল। মোট ভোটারের সংখ্যা হবে:
(a) 10000 (b) 12000 (c) 13400 (d) 14000

13. যদি RESCUE = 372057 এবং PROBLEM = 9348176, তবে PROCURE = ?
(a) 9340357 (b) 9340537 (c) 3840537 (d) 3904537

14. শূন্যস্থানের পদটি বের করুন:
EGI, JLN, OQS, ?
(a) FHI (b) UWZ (c) NVX (d) TVX

15. একটি দুর্গে 150 জন সৈন্যের 45 দিনের খাদ্য মজুত ছিল। 10 দিন পর 25 জন সৈন্য চলে গেল। খাবার গ্রহণের হার একই থাকলে বাকি সৈন্যের কতদিন চলবে?
(a) 43 দিন (b) 42 দিন (c) 45 দিন (d) 48 দিন

16. তরলের ভিতর কোন বিন্দুতে চাপের পরিমাণ নির্ভর করে?
(a) তরলের ওজনের ওপর (b) আয়তনের ওপর (c) গভীরতার ওপর (d) আধারের ক্ষেত্রফলের ওপর

17. একটি গাড়ি A বিন্দু থেকে যাত্রা শুরু করে প্রথমে 10 কিলোমিটার উত্তরে গেল, তারপর ডানদিকে ঘুরে 15 কিলোমিটার গিয়ে পুনরায় ডানদিকে ঘুরে আরও 10 কিলোমিটার গিয়ে B ঘুরে আবার ডানদিকে আরও 10 কিলোমিটার গিয়ে A বিন্দুতে পৌঁছল। AB-এর দূরত্ব কত?
(a) 10 কিমি (b) 15 কিমি (c) 20 কিমি (d) 25 কিমি

18. যখন ভর ও গতিবেগ উভয়কেই দ্বিগুণ করা হয় তখন গতিশক্তি কত বাড়বে?
(a) 1 গুণ (b) 2 গুণ (c) 4 গুণ (d) 8 গুণ

19. $m_1$ এবং $m_2$ ভরবিশিষ্ট দু'টি বস্তুর গতিশক্তি সমান, তাদের রৈখিক ভরবেগের অনুপাত হবে:
(a) $m_1 : m_2$ (b) $m_2 : m_1$ (c) $m_1^2 : m_2^2$ (d) $\sqrt{m_1} : \sqrt{m_2}$

20. এক kwh শক্তি সমান:
(a) 3600 Joule (b) 860 Kcal (c) 4186 Joule (d) 735.5 watt

21. হিন্দুদের ওপর থেকে জিজিয়া কর কে তুলে দিয়েছিলেন?
(a) বাবর (b) আকবর (c) জাহাঙ্গির (d) শাহজাহান

22. ভারতে উৎপন্ন ফসলের ________ শতাংশ খাদ্যশস্য।
(a) 76 (b) 65 (c) 85 (d) 90

23. কে প্রথম ফ্যাক্টরি আইন (1881) প্রবর্তন করেন?
(a) লর্ড রিপন (b) লর্ড কার্জন (c) লর্ড ডালহৌসি (d) লর্ড কর্নওয়ালিশ

24. ভারতে অরণ্য গবেষণাকেন্দ্র কোথায় অবস্থিত?
(a) এলাহাবাদ (b) দেরাদুন (c) হরিদ্বার (d) হৃষিকেশ

25. অ্যাজুরাইট কোন ধাতুর আকরিক?
(a) Mn (b) Cu (c) Fe (d) Zn

26. পিতল কোন ধাতুগুলির কঠিন দ্রবণ?
(a) Cu & Fe (b) Zn & Cu (c) Al & Zn (d) Cu & Al

27. পাট চাষের প্রধান ক্ষেত্র হল:
(a) তামিলনাড়ু (b) পশ্চিমবঙ্গ (c) কেরল (d) বিহার

28. আর্য সমাজ প্রতিষ্ঠা করেছিলেন:
(a) লালা লাজপৎ রায় (b) বাল গঙ্গাধর তিলক (c) দয়ানন্দ সরস্বতী (d) অরবিন্দ ঘোষ

29. লর্ড ডালহৌসি কবে অযোধ্যা অধিগ্রহণ করেছিলেন?
(a) 1856 সালে (b) 1859 সালে (c) 1861 সালে (d) 1865 সালে

30. জার্মান সিলভারের উপাদানগুলি হল:

এরপর সাতের পাতায়

# গোয়া শিপইয়ার্ডে ১৩০

*প্রথম পাতার পর*

ফ্যাব্রিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। মেটেরিয়ালস, লজিস্টিক্স, পারচেজ, সাপ্লাই চেন ম্যানেজমেন্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার।

**এফ আর পি ল্যামিনেটর:** শিপবিল্ডিং ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ডিপ্লোমা কোর্সে অন্যতম বিষয় হিসেবে এফ আর পি পড়ে থাকতে হবে।

**উপরোক্ত সবক'টি পদের ক্ষেত্রেই ৩১-৩-২০২১ তারিখ অনুসারে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।**

**ট্রেনি খালাসি:** মাধ্যমিক, সঙ্গে ফিটার বা ফিটার জেনারেল ট্রেডে আই টি আই কোর্স পাশ। মাজাগন ডক, কোচিন, গোয়া প্রভৃতি শিপইয়ার্ড থেকে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকলে অগ্রাধিকার।

**আনস্কিলড:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩১-৩-২০২১ তারিখ অনুসারে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আই টি আই পাশ প্রার্থীদের অগ্রাধিকার।

বেতনক্রম: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট এবং এফ আর পি ল্যামিনেটর পদের ক্ষেত্রে ১৬,৬০০-৬৩,৫০০ টাকা, ই ও টি ক্রেন অপারেটর পদের ক্ষেত্রে ১৪,৬০০-৪৮,৫০০ টাকা, আনস্কিলড পদের ক্ষেত্রে ১০,১০০-৩৫,০০০ টাকা এবং বাকি সব পদের ক্ষেত্রে ১৫,১০০-৫৩,০০০ টাকা।

ট্রেনি খালাসি পদে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড প্রথম বছরে প্রতি মাসে ৭,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৭,৫০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে বেতনক্রম ১৫,১০০-৫৩,০০০ টাকা।

বয়স: ৩১-৩-২০২১ তারিখে ৩৩ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্র্যাকটিক্যাল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://goashipyard.in দরখাস্তের শেষ তারিখ ৪ জুন।

ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ২০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ড্রাফটটি "Goa Shipyard Limited"-এর অনুকূলে "Vasco-da-Gama, Goa"-য় প্রদেয় হতে হবে।

দরখাস্তের সময় জে পি জি বা পি ডি এফ ফর্ম্যাটে আপলোড করতে হবে এই সব নথি— ✓সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, ✓কালো কালিতে করা সই (প্রতিটি ৪৫০ কেবি সাইজের মধ্যে), ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (প্রতিটি ১ এম বি সাইজের মধ্যে), ✓ডিমান্ড ড্রাফট, ✓বয়সের প্রমাণপত্র, ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট, ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি ৫০০ কেবি সাইজের মধ্যে)।

দরখাস্তের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। দরখাস্ত সাবমিটের পর সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

ডিমান্ড ড্রাফটের পিছনে অ্যাপ্লিকেশন নম্বর, নাম, মোবাইল নম্বর, যে-পদের জন্য আবেদন করছেন তার নাম এবং বিজ্ঞপ্তি নম্বর লিখে দেবেন। ড্রাফটটি পাঠাতে হবে।

ডিমান্ড ড্রাফট ১৪ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: GM (HR&A), HR Department, Dr. B.R. Ambedkar Bhavan, Goa Shipyard Limited, Vasco-Da-Gama, Goa – 403802.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গোরখপুর এইমসে ১২৭ প্রফেসর

*প্রথম পাতার পর*

২৯টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ৪৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৮)।

দরখাস্তের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.aiimsgorakhpur.edu.in দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ৬ জুন।

# ওয়েস্টার্ন কোলফিল্ডসে ডাক্তার

৩৩ জন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার/মেডিক্যাল স্পেশ্যালিস্ট নেবে ওয়েস্টার্ন কোলফিল্ডস। এটি কেন্দ্রীয় কয়লা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। চুক্তিতে নিয়োগ করা হবে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: WCL/2021/EE/1418. স্পেশ্যালিস্ট নিয়োগ করা হবে এই সব বিভাগে: ফিজিশিয়ান, জেনারেল সার্জেন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অ্যানেস্থেটিস্ট, পেডিয়াট্রিশিয়ান, অপথালমোলজিস্ট, রেডিওলজিস্ট, অর্থোপেডিক সার্জেন, ই এন টি।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.westerncoal.in

পূরণ করা দরখাস্ত ১৫ মে-র মধ্যে ই-মেল করতে হবে এই মেল আই ডি-তে: hrrecruitment.wcl@coalindia.in অথবা স্পিড পোস্টে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: General Manager (Personnel), Executive Establishment Department, WCL, 2nd Floor, Coal Estate, WCL HEADQUARTERS, CIVIL LINES, NAGPUR, MAHARASHTRA, PIN CODE:440001.

এই নিয়োগ সম্পর্কে বিশদে জানতে দেখুন এই ওয়েসাইট: www.westerncoal.in.

# আচার্য নরেন্দ্র দেব কলেজে অধ্যাপক

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ৩৮ জনকে নেবে আচার্য নরেন্দ্র দেব কলেজ। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। নিয়োগ করা হবে বায়োমেডিক্যাল সায়েন্স, বটানি, ম্যাথমেটিক্স-সহ বিভিন্ন বিষয়ে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ANDC/Teaching/2021/01.

শূন্যপদের বিন্যাস: বায়োমেডিক্যাল সায়েন্স ৪টি, বটানি ৫টি, কমার্স ৫টি, কম্পিউটার সায়েন্স ৫টি, ম্যাথমেটিক্স ৫টি, ফিজিক্স ৯টি, জুলজি ৫টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.du.ac.in দরখাস্তের শেষ তারিখ ৫ জুন।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://andcollege.du.ac.in

# ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি

ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউট। কোর্সটি করানো হবে প্রতিষ্ঠানের বেঙ্গালুরু ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ২৬ সপ্তাহ। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**আসনসংখ্যা:** ৬০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। মোট আসনসংখ্যার মধ্যে ২৫ শতাংশ আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

কোর্স ফি: ১,৪৫,০০০ টাকা। হস্টেল খরচ অতিরিক্ত।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nptibangalore.in

ফি বাবদ ক্রসড ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। ড্রাফটটি 'PSTI, Bangalore'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ২৫ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Head of the Institute, National Power Training Institute-PSTI, Subramanyapura Road, Banashankari-II Stage, Near Yarrab Nagar Bus stop, Bangalore-560 070.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ভারতীয় সেনাবাহিনীতে
# দন্ত চিকিৎসক

৩৭ জন দন্ত চিকিৎসক নেবে ভারতীয় সেনাবাহিনী। শর্ট সার্ভিস কমিশনে আর্মি ডেন্টাল ক্যরে নিয়োগ করা হবে। যাঁরা নিট (এম ডি এস)-২০২১ পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন তাঁরাই আবেদন করতে পারবেন।

শিক্ষাগত যোগ্যতা, বয়স, বেতন ও প্রার্থীবাছাই পদ্ধতি-সহ যাবতীয় নিয়মাবলী জানতে পারবেন নিম্নোক্ত ওয়েবসাইটের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in দরখাস্তের শেষ তারিখ ১৮ মে।


**WBCS/নার্সিং এন্ট্রান্স এর সফলতম প্রস্তুতি**

স্যার প্রশ্ন কমনের গ্যারান্টি দেন না তবুও প্রচুর সংখ্যক প্রশ্ন লাস্ট মিনিট সাজেশনস্ থেকে কমন পেয়ে হাজার হাজার ছেলেমেয়ে চূড়ান্তভাবে পাশ করছে।

সাগর রায়: 98740 69897

45/1, সাতকড়ি চ্যাটার্জি লেন, হাওড়া-711 101


# কলকাতা পুরসভায় ১২১ ডাক্তার

*প্রথম পাতার পর*

ক্ষেত্রে প্রতি মাসে ২৪,০০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in

**পূরণ করা দরখাস্তের সঙ্গে নিয়ে যাবেন**

- ✓এক কপি ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল।
- ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে পাসপোর্ট বা ভোটার কার্ডের নকল।
- ✓প্রার্থীর স্থায়ী ঠিকানার প্রমাণপত্র হিসেবে পাসপোর্ট বা ভোটার কার্ডের নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

ইন্টারভিউয়ে আসল নথিও সঙ্গে নিয়ে যাবেন।

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Room No. 254, 2nd Floor, PMU, Kolkata City NUHM Society, 5, S.N.Banerjee Road, Kolkata-700 013.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ব্যাঙ্ক নোট প্রেস ও মিন্টে ১৩১

*প্রথম পাতার পর*

আই টি আই কোর্স পাশ।

জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল/এসি): ফিটার বা মেশিনিস্ট বা টার্নার বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডে আই টি আই কোর্স পাশ।

উপরোক্ত সবক'টি পদের ক্ষেত্রেই নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ১ বছর মেয়াদের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৪০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের ব্যবহার জানতে হবে।

বয়স: ১১-৬-২০২১ তারিখে জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৮ বছর এবং জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ২৫ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২১,৫৪০-৭৭,১৬০ টাকা এবং জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে টাইপিং টেস্টের মাধ্যমে। পরীক্ষা জুলাই বা অগস্টে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://bnpdewas.spmcil.com দরখাস্তের শেষ তারিখ ১১ জুন।

এই নিয়োগ-সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা**
**Syama Prasad Mookerjee Port, Kolkata**
(Formerly KOLKATA PORT TRUST)

হলদিয়া ডক কমপ্লেক্স, শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কলকাতা অধীনস্থ হলদিয়াতে চুক্তির ভিত্তিতে ০১ (এক) সেফটি অফিসার নিয়োগের জন্য ভারতীয় নাগরিকদের থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। যোগ্যতার মানদন্ড ও অন্যান্য বিবরণের জন্য অনুগ্রহ করে www.smportkolkata.shipping.gov.in দেখুন। সম্পূর্ণ আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ জুন ০৭, ২০২১।

**শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা**
**Syama Prasad Mookerjee Port, Kolkata**
(Formerly KOLKATA PORT TRUST)

হলদিয়া ডক কমপ্লেক্স, শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কলকাতা অধীনস্থ হলদিয়াতে চুক্তির ভিত্তিতে ০১**(এক) ড্রাফট্সম্যান মেরিন অপারেশনস বিভাগের অধীনে নিয়োগের জন্য ভারতীয় নাগরিকদের থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। যোগ্যতার মানদন্ড ও অন্যান্য বিবরণের জন্য অনুগ্রহ করে www.smportkolkata.shipping.gov.in দেখুন। সম্পূর্ণ আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ জুন ০৭, ২০২১।

(** ভবিষ্যতে বাড়তে / কমতে পারে)

**শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা**
**Syama Prasad Mookerjee Port, Kolkata**
(Formerly KOLKATA PORT TRUST)

হলদিয়া ডক কমপ্লেক্স, শ্যামাপ্রসাদ মুখার্জি পোর্ট, কলকাতা অধীন ডেপুটেশনের মাধ্যমে ডেপুটি চিফ ভিজিলেন্স অফিসার-এর একটি পদ পূরণের জন্য যে কোনও মেজর পোর্ট ট্রাস্ট/ কেন্দ্রীয় সরকার/ রাজ্য সরকার/ সরকারি ক্ষেত্রের সংস্থা বা স্বশাসিত সংস্থায় কর্মরত ভারতীয় নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করছে। উপযুক্ততার শর্ত ও অন্যান্য বিবরণের জন্য www.smportkolkata.shipping.gov.in দেখুন। সম্পূর্ণভাবে পূরণ-করা দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ০৭ জুন, ২০২১।


## কর্মক্ষেত্র
### শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

**কর্মখালি**

**এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব**

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D, C. Avenue, Kol-07, (M): 83709-73452.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

দমদম Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,700/- – 42,300/-, থাকা-খাওয়া ফ্রী। A. C, কলেজ স্ট্রীট মোড়, Kol-13, (M): 74073-30329.

□

**URGENT REQUIREMENT**

পঃ বাংলার বিভিন্ন প্রান্তের M/Fদের প্রাঃ ব্যাঙ্ক বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন: 16,500/- – 32,700/-. বয়স: 18-40, সবরকম সুযোগ সুবিধা। R. P. VIP, কেস্টপুর, Kol-59, (M): 78725-15101.

**Airport ও Metro-তে ২১৫ জন মহিলা ও পুরুষ চাই**

লাইসেন্স নং: WB/829/SI. বেতন: ১৬,৫০০/- - ৩৪,২০০/-. Tag বয়, ট্রলি বয়, SV, চেকিং, লোডার, Cargo ড্রাইভার, Road কনস্ট্রাকশন, ইলেক্ট্রিক্যাল, মেন্টেন্যান্স পদে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে নিয়োগ। ESI, PF-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। 96744-28135 / 90731-20107. A.G. বাগুইহাটি, Kol-59.

**স্কুল-কলেজ শিক্ষা**

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারী, প্রাইমারী ও মন্তেস্বরী টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। Approved by B.S.S Govt. of India & IAO (USA). Placement Assistance. কবিগুরুপাঠভবন, শ্যামবাজার, টালিগঞ্জ, হাওড়া: 98308-15220 / 90510-74736.

□

**প্রাইমারি টিচার্স ট্রেনিং (1/2 বছর)**
**ANM নার্সিং ট্রেনিং (2 বছর)**
**ফিজিওথেরাপি ট্রেনিং (1/2 বছর)**

App. by BSS & NSDC Govt. of India. কোর্সে ভর্তি চলছে। চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute, বেলেঘাটা-ফুলবাগান: 92315-51285 / 92301-13485.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৫ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৬ মের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২২ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৭ এপ্রিল-২১ এপ্রিল

**১৭ এপ্রিল** ফরওয়ার্ড ব্লক নেতা তথা পুরুলিয়ার পাঁচবারের প্রাক্তন সাংসদ বীরসিংহ মাহাতো (৭৬) প্রয়াত হলেন। তাঁর শ্বাসকষ্টের সমস্যা থাকলেও করোনা পরীক্ষার রিপোর্ট নেগেটিভ ছিল বলে পরিবার সূত্রে জানানো হয়। বীরসিংহ মাহাতো ১৯৯১, ১৯৯৬, ১৯৯৮, ১৯৯৯ ও ২০০৪ সালে পরপর নির্বাচিত হন।

## ১৮ হলেই টিকাকরণের ঘোষণা কেন্দ্রের



**১৯ এপ্রিল:** দেশে দৈনিক সংক্রমণ আড়াই লক্ষ পেরিয়ে যাওয়ার পর ১ মে থেকে আঠারো ও তার বেশি বয়সের ব্যক্তিরা সকলেই প্রতিষেধক নিতে পারবেন বলে ঘোষণা করল কেন্দ্র। তবে এক্ষেত্রে ইচ্ছুক ব্যক্তিকে সরাসরি বাজারের দামে প্রতিষেধক কিনতে হবে। রাজ্যগুলি প্রতিষেধক উৎপাদনকারী সংস্থাগুলির কাছ থেকে সরাসরি প্রতিষেধক কিনতে পারবে। সংস্থাগুলিও এখন থেকে ৫০ শতাংশ উৎপাদন রাজ্যগুলিকে বিক্রি করতে পারবে। তবে ৪৫ বছরের উর্ধ্বের ব্যক্তি, স্বাস্থ্যকর্মী ও ফ্রন্টলাইন কর্মীদের আগের মতোই প্রতিষেধক জোগাবে কেন্দ্রই।

ফরওয়ার্ড ব্লকের বাংলা কমিটির সম্পাদক নরেন চট্টোপাধ্যায়, দলের সাধারণ সম্পাদক দেবব্রত বিশ্বাস ও বর্ষীয়ান সিপিএম সাংসদ বাসুদেব আচারিয়া শোকবার্তা পাঠিয়েছেন।

**কোভিড সংক্রমণের সংখ্যা রোজ বাড়তে** থাকায় মাস্ক পরা নিয়ে কড়াকড়ির সিদ্ধান্ত নিল রেল। শহরতলির লোকাল ট্রেন ছাড়াও দূরপাল্লার ট্রেনেও মাস্ক না পরেই যাতায়াত করতে দেখা যাচ্ছিল বহু যাত্রীকে। সেই বেপরোয়া যাতায়াতে লাগাম টানতেই মাস্ক না পরার ক্ষেত্রে ৫০০ টাকা জরিমানা ধার্য করল রেল। রেল বোর্ডের একজিকিউটিভ ডিরেক্টর, প্যাসেঞ্জার মার্কেটিং নীরজ শর্মা এই মর্মে নির্দেশিকা জারি করেছেন।

## প্রয়াত বাংলাদেশের মহানায়িকা

**১৭ এপ্রিল:** করোনায় প্রয়াত হলেন বাংলাদেশের মহানায়িকা তথা আওয়ামি লিগের প্রাক্তন সাংসদ কবরী (৭১)। ঋত্বিক ঘটকের 'তিতাস একটি নদীর নাম' ছবির অন্যতমা অভিনেত্রী ছিলেন কবরী। বাংলাদেশের উত্তম-সুচিত্রা নামে পরিচিত ছিল রাজ্জাক আর কবরীর জুটি। ৫০টিরও বেশি ছবিতে একসঙ্গে কাজ করেছেন তাঁরা। রাজ্জাক অবশ্য ৪ বছর আগেই প্রয়াত হয়েছেন।

**১৮ এপ্রিল** দেশজুড়ে প্রতিষেধক দেওয়ার সাফল্যকে অতিরঞ্জিত না করে সঠিক পরিসংখ্যান দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখে পরামর্শ দিলেন প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং। প্রসঙ্গত, মাত্র ৯২ দিনেই ১২ কোটির বেশি প্রতিষেধক দেওয়া হয়েছে বলে দাবি করেছে নরেন্দ্র মোদী সরকার। কিন্তু বাস্তব পরিসংখ্যান হল, দেশের ১৩৫ কোটির বেশি মানুষের মধ্যে মাত্র ১ কোটি ৬১ লক্ষ মানুষ দু'ডোজ কোভিডের প্রতিষেধক পেয়েছেন। যা দেশের জনসংখ্যার মাত্র ১.১৯ শতাংশ। প্রাক্তন প্রধানমন্ত্রীর পরামর্শ মোট কত কোভিডের প্রতিষেধক দেওয়া হয়েছে, সেই সংখ্যার দিকে তাকানোর 'প্রলোভন' এড়াতে হবে। তার বদলে দেশের জনসংখ্যার কত শতাংশ মানুষের টিকাকরণ হয়েছে সেদিকে নজর দিতে হবে।

## এশীয় ভারোত্তোলনে পদক চানু ও ঝিল্লির

**১৮ এপ্রিল:** তাসখন্দে এশীয় ভারোত্তোলন প্রতিযোগিতায় ভারতের ঝিল্লি দালবেহেরা এবং মীরাবাই চানু নিজের নিজের বিভাগে যথাক্রমে সোনা এবং ব্রোঞ্জ পদক জিতলেন। চানু ক্লিন অ্যান্ড জার্ক বিভাগে ১১৯ কেজি তোলেন। ভেঙে দেন এই বিভাগে ১১৮ কেজি ওজন তোলার নিজেরই পুরনো রেকর্ড। একই সঙ্গে তিনি জাতীয় রেকর্ডও গড়েন ২০৫ কেজি ওজন তুলে (৮৬ কেজি স্ন্যাচ এবং ১১৯ কেজি ক্লিন অ্যান্ড জার্ক)। ঝিল্লি ৪৫ কেজি বিভাগে সোনা জিতেছেন। তিনি স্ন্যাচ বিভাগে ৬৯ কেজি এবং ক্লিন অ্যান্ড জার্ক বিভাগে ৮৮ কেজি অর্থাৎ মোট ১৬২ কেজি ওজন তুলেছেন।

> "ভারত কেবল করোনা সঙ্কটের শিকার হয়নি, সরকারের জনবিরোধী নীতির ফলে আহত হয়েছে। এখন ফাঁপা বক্তৃতা ও অর্থহীন উৎসব নয়, প্রয়োজন সমাধানের।"
>
> **রাহুল গান্ধী,** *কংগ্রেস সাংসদ*
> কেন্দ্রের প্রতিষেধক নীতির সমালোচনা করে

**বিশিষ্ট বিচারপতি ও নেতাজি অন্তর্ধান** রহস্য ভেদ করার কমিটির অন্যতম সদস্য মনোজ মুখোপাধ্যায় (৮৭) প্রয়াত হলেন। কলকাতা হাইকোর্ট ও সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে কাজ করার পর বম্বে হাইকোর্টের প্রধান বিচারপতির দায়িত্বও পালন করেছেন তিনি।

**দেশের ৮১ শতাংশ বাসিন্দার টিকাকরণ** সম্পূর্ণ হয়েছে বলে ঘোষণা করল ইজরায়েল। গোটা পৃথিবী যখন আবার করোনা ঢেউয়ে 'গৃহবন্দি' হয়ে পড়েছে তখন দেশবাসীর উদ্দেশে একটি নির্দেশিকা জারি করে ইজরায়েলি সরকার জানিয়েছে— প্রকাশ্য স্থানে আর মাস্ক পরার দরকার নেই।

**১৯ এপ্রিল** লাদাখের দেপসাং-গোগরা উষ্ণ প্রস্রবণ এলাকায় চিনা সেনার অবস্থান নিয়ে উদ্বেগ প্রকাশ করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। তিনি জানালেন, নিয়ন্ত্রণরেখা সংলগ্ন ভূখণ্ডে চিনা বাহিনীর অবস্থানে ভারতের জাতীয় নিরাপত্তা বিপুল ঝুঁকির সামনে। রাহুলের কথায়, 'ভারত সরকারের অর্থহীন কথাবার্তায় জাতীয় নিরাপত্তা বিপন্ন। আমাদের দেশ এর থেকে অনেক ভালো কিছু দাবি করে।'

**২০ এপ্রিল** রাজধানী দিল্লিতেই অক্সিজেনের অভাব রয়েছে। কিন্তু কেন্দ্র যোগী আদিত্যনাথের কথায় উত্তরপ্রদেশে অক্সিজেন পাঠাচ্ছে। এদিন দিল্লি হাইকোর্ট নরেন্দ্র মোদী সরকারকে সতর্ক করে বলল, এ কাজ যাঁরা করছেন, তাঁদের হাতে রক্তের দাগ লেগে থাকবে। হাইকোর্টের বিচারপতিদের বক্তব্য, বিচার-বিবেচনা না করেই যদি এক জায়গার অক্সিজেন বা ওষুধ অন্য জায়গায় পাঠানো হয় তবে যাঁরা এই সিদ্ধান্ত নেবেন তাঁদের হাতে রক্ত লেগে থাকবে। বিচারপতি বিপিন সাঙ্ঘি ও বিচারপতি রেখা পাল্লির বেঞ্চের প্রশ্ন '১৩০ কোটির দেশে সরকারি হিসেব অনুযায়ী কোভিড রোগীর সংখ্যা ২ কোটির কম। সংখ্যাটা পাঁচ গুণ হলেও ১০ কোটি। বাকি দেশবাসীকে রক্ষা করতে হবে। এ ভাবে চললে আমরা এক কোটি দেশবাসীকে হারাতে পারি। আমরা কি তা মেনে নিতে তৈরি?'

**মারাঠি ও হিন্দি ছবির প্রবীণ অভিনেতা** কিশোর নন্দলস্কর (৮১) কোভিড জনিত জটিলতার কারণে প্রয়াত হলেন। মারাঠি চলচ্চিত্রে তাঁর কাজ উল্লেখযোগ্য। 'ইনা মিনা ডিকা' (১৯৮৯) ছবি দিয়ে তিনি শুরু করেছিলেন। হিন্দি ছবিতে মূলত কমেডিয়ান হিসেবেই কাজ করেছেন। 'খাকি', 'বাস্তব', 'জিস দেশ মে গঙ্গা রহতে হ্যায়', 'সিংহম', 'সিম্বা' ইত্যাদি ছবিতে কাজ করেছেন তিনি।

**রাশিয়া এবার নিজস্ব মহাকাশ কেন্দ্র** তৈরির কথা ঘোষণা করল। আন্তর্জাতিক স্পেস স্টেশন কর্মসূচি থেকে বেরিয়ে এসে এবার তারা নিজস্ব মহাকাশ কেন্দ্র বানাতে চায়। রাশিয়ার মহাকাশ গবেষণা সংস্থা 'রসকসমস' জানিয়েছে নতুন স্টেশন বানানোর জন্য প্রাথমিক কাজ শুরু হয়ে গিয়েছে। ১৯৯৮ সালে আমেরিকা, কানাডা, জাপান এবং ইউরোপীয় মহাকাশ সংস্থার সঙ্গে আন্তর্জাতিক স্পেস স্টেশন গড়ে তুলেছিল রাশিয়া। সম্প্রতি তারা জানায়, ওই স্টেশনটি বেশ পুরনো। তাই এই কর্মসূচি থেকে বেরিয়ে আসার চিন্তাভাবনা চলছে।

## প্রয়াত কবি শঙ্খ ঘোষ



**২১ এপ্রিল:** ইন্দ্রপতন হল বাংলাসাহিত্যের জগতে। চলে গেলেন কবি শঙ্খ ঘোষ। ৯০ বছরের প্রবীণ কবি, প্রাবন্ধিক, শিক্ষক কোভিডে আক্রান্ত হয়েছিলেন। ১৯৪৯ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত ৭২ বছর ধরে প্রকাশিত হয়েছে তাঁর কবিতা ও গদ্য রচনা। তাঁর প্রথম কাব্যগ্রন্থ 'দিনগুলি রাতগুলি'। উল্লেখযোগ্য কাব্যগ্রন্থগুলির মধ্যে রয়েছে 'নিহিত পাতালছায়া', 'বাবরের প্রার্থনা', 'পাঁজরে দাঁড়ের শব্দ', 'গান্ধর্ব কবিতাগুচ্ছ' ইত্যাদি। পাশাপাশি অনুবাদের কাজও করে গিয়েছেন সমান গতিতে। সারা পৃথিবীর কবিতা থেকে চয়ন করে কবি অলোকরঞ্জন দাশগুপ্তর সঙ্গে সম্পাদনা করেছিলেন 'সপ্তসিন্ধু দশদিগন্ত' নামের অনুবাদ গ্রন্থ। পেয়েছেন জ্ঞানপীঠ, সাহিত্য অকাডেমি, রবীন্দ্র পুরস্কার, কবীর সম্মান, সরস্বতী পুরস্কারের মতো অসংখ্য সম্মান।

**করোনার বিরুদ্ধে যুদ্ধে কার্যকর ভূমিকা** নিতে সেনাবাহিনীর স্বাস্থ্য পরিকাঠামো আমজনতার জন্য খুলে দিতে বললেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহ। বাহিনীর কাছে যে স্বাস্থ্য পরিকাঠামো রয়েছে তা দিয়ে দেশবাসীর চিকিৎসায় ঝাঁপিয়ে পড়ার পরামর্শ দিয়েছেন তিনি। কোভিডের বিরুদ্ধে লড়াইয়ে অবসরপ্রাপ্ত সেনা চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীদেরও শামিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**২১ এপ্রিল** ১৮ থেকে ৪৪ বছর বয়সিদের টিকাকরণকে মাথায় রেখে প্রতিষেধক কেনার জন্য প্রাথমিক ভাবে ১০০ কোটি টাকার তহবিল তৈরি করল রাজ্য সরকার। মালদহের সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই সিদ্ধান্ত জানান। পাশাপাশি, রাজ্য এবং বেসরকারি ক্ষেত্রে প্রতিষেধকের ভিন্ন দাম নিয়েও সরব হয়েছেন মুখ্যমন্ত্রী। উল্লেখ্য, প্রতিদিনই যেখানে করোনা সংক্রমণ বাড়ছে সেখানে একই প্রতিষেধকের তিন ধরনের দাম নিয়ে সরব হয়েছেন বিরোধীরা। কেন্দ্র জানিয়েছে, তারা সিরামের টিকা কোভিশিল্ড কিনবে ১৫০ টাকায়। রাজ্যগুলি তা কিনবে ৪০০ টাকায়। আর বেসরকারি হাসপাতালকে তা কিনতে হবে ৬০০ টাকায়।

**মার্কিন কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েড খুনের ঘটনায়** অভিযুক্ত পুলিশ অফিসার ডেরেক শভিনকে দোষী সাব্যস্ত করল মিনেসোটার এক আদালত। 'অনিচ্ছাকৃত খুন', 'অসতর্কতা থেকে খুন' এবং 'নরহত্যা'— এই তিনটি ধারায় অভিযুক্ত করা হয়েছে শভিনকে। কমপক্ষে ৪০ বছরের কারাদণ্ড হবে তার। জুরি রায় ঘোষণার পরে মিনিয়াপোলিস থেকে ২৫ মাইল দূরে স্টিলওয়াটারের সংশোধনাগারে নিয়ে যাওয়া হয় এই প্রাক্তন পুলিশ অফিসারকে। আট সপ্তাহ পরে সাজা ঘোষণা করা হবে।

**অক্সিজেন সরবরাহের ত্রুটিতে নাসিকের** ডঃ জাকির হুসেন হাসপাতালে বেঘোরে মারা গেলেন ২২ জন কোভিড রোগী। যে অক্সিজেন তাঁদের প্রাণ বাঁচাতে পারত, তা তখন লিক হয়ে যাচ্ছিল হাসপাতালের মূল স্টোরেজ ট্যাঙ্ক থেকে। হাসপাতালে এই দুর্ঘটনার সময়ে অন্তত ১৭১ জন রোগী ভর্তি ছিলেন। ২৩ জন রোগী ছিলেন ভেন্টিলেটরে। তাঁদের মধ্যে ২২ জনই মারা গিয়েছেন বলে মহারাষ্ট্রের স্বাস্থ্যমন্ত্রী রাজেশ টোপে জানান।

## নাভালনি প্রশ্নে রাশিয়ার বিরুদ্ধে সরব একাধিক দেশ

**১৯ এপ্রিল:** জেলবন্দি ও অনশনরত রুশ বিরোধী নেতা আলেক্সেই নাভালনির কুড়ি বছর বয়সি কন্যার আর্জি টুইট, 'আমার বাবার চিকিৎসার ব্যবস্থা করুন!' নেট দুনিয়ায় সাড়া ফেলল। তবে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের প্রশাসন এই ঘটনায় কর্ণপাত করেনি। যে প্রেক্ষিতে বিভিন্ন দেশের তোপের মুখে পড়ল ক্রেমলিন। পা এবং পিঠে অসহ্য যন্ত্রণায় কাবু হওয়া সত্ত্বেও তাঁর চিকিৎসকের সঙ্গে তাঁকে দেখা করতে দিচ্ছেন না জেল কর্তৃপক্ষ— এই অভিযোগে ৩১ মার্চ থেকে অনশন শুরু করেছিলেন নাভালনি। তাঁর সমর্থকদের অভিযোগ, সপ্তাহখানেক আগে তাঁর স্ত্রী জেলে গিয়ে নাভালনিকে দেখে এলেও তার পর থেকে নাভালনির কোনও খবরই পৌঁছচ্ছে না সমর্থকদের কাছে। আমেরিকার পাশাপাশি নাভালনি প্রসঙ্গে রাশিয়ার বিরুদ্ধে সুর চড়িয়েছে ফ্রান্স, জার্মানি এবং ইউরোপীয় ইউনিয়নও।

## জামিন পেলেন লালু



**১৭ এপ্রিল:** জামিন পেলেন লালু প্রসাদ যাদব। গত বছর নভেম্বর থেকে কখনও শুনানি পিছিয়ে, কখনও খারিজ করে দেওয়া হচ্ছিল তাঁর জামিনের আবেদন। অবশেষে পশুখাদ্য কেলেঙ্কারিতে জেলবন্দি বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রীকে জামিন দিল ঝাড়খণ্ড হাইকোর্ট। এদিন দুমকা ট্রেজারি মামলায় তাঁর জামিন মঞ্জুর করা হয়। সব মিলিয়ে চারটি পশুখাদ্য মামলায় দোষী সাব্যস্ত হয়েছিলেন লালু প্রসাদ। এর আগেই বাকি তিনটি মামলায় জামিন পেয়েছিলেন তিনি। তবে এখন তিনি এমস হাসপাতালে চিকিৎসাধীন।

## কোপা দেল রে জিতল বার্সেলোনা

**১৭ এপ্রিল:** কোপা দেল রে ফুটবল প্রতিযোগিতা জিতল বার্সেলোনা। অ্যাথলেটিক বিলবাওকে ৪-০ গোলে জিতে ৩১ বার এই খেতাব ঘরে তুলল তারা। এদিন সেভিয়ার লা কার্তুজা স্টেডিয়ামে ম্যাচের ৬০, ৬৩, ৬৮ ও ৭২ মিনিটে গোল করেন যথাক্রমে আঁতোয়া গ্রিজম্যান, ফ্রেঙ্কি দে জং এবং লিওনেল মেসি। ম্যাচে কোনও আধিপত্যই দেখাতে পারেনি বিলবাও। প্রতিযোগিতার সর্বোচ্চ গোলদাতা হন লেভান্তের সের্গিও লিমোনেস।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# অতিমারির মধ্যে উপার্জনের ব্যবস্থা করবে কী ভাবে

বিনীতা বক্সি
চিফ অপারেটিং অফিসার
'অম্বরা'
ভারত সরকারের সঙ্গে যৌথভাবে পরিচালিত
স্কিল ডেভেলপমেন্ট ও ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট

করোনা সংক্রমণের চেহারা এখন ভয়াবহ। গত বছরও এই অতিমারির জেরে ছেলেমেয়েরা ঘরে বসে চাকরির প্রস্তুতি নিয়েছে। ছোট আকারের ব্যবসাও অনেকেই করেছে কিংবা ডিজিটাল মাধ্যমে কাজ করতে শুরু করেছে। কিন্তু ভাইরাসের থাবা এখন ঘরে ঘরে। মানসিক ভাবে বিপর্যস্ত দেশসুদ্ধ মানুষ। এই অবস্থায় উপার্জনের ব্যবস্থা করবে কী ভাবে?




## আর্থিক অবস্থা বুঝে কাজ

এই সময় প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

চাকরি এখনই না পেলেও কিছুদিন চলে যাবে, অর্থনৈতিক অবস্থা এমন হলে, নিজের প্রস্তুতি চালিয়ে যাওয়াই সবচেয়ে ভালো। পড়াশোনা, নিয়মিত দেশ-বিদেশের খবর রাখা, অনলাইন কোর্স, শরীরচর্চা, মেডিটেশন, সামাজিক কাজের মধ্য দিয়ে নিজেকে তৈরি করে যেতে হবে ক্রমাগত। ভবিষ্যতে যে-কাজের সম্ভাবনাই তৈরি হোক না কেন, তুমি যাতে যোগ্যতার সঙ্গে সেটির অন্যতম দাবিদার হয়ে উঠতে পারো, সেজন্যই এই ধারাবাহিক প্রস্তুতি চালিয়ে যাওয়া জরুরি।

যারা ডিজিটালি কাজ করার সুবিধা পাচ্ছো, ইন্টারনেট-কম্পিউটার-মোবাইল ফোন রয়েছে, তারা ফ্রিল্যান্সিং শুরু করো। এ বিষয়ে নিজেদের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট বা পেজকে কাজে লাগাতে পারো। নিজের কাজের বিষয়ে সেখানে জানাও, সেটিই হবে তোমার দক্ষতা ও যোগ্যতার প্রচার। একই সঙ্গে এই সময়ে বিভিন্ন সংস্থার ওয়েবসাইটে, অফিশিয়াল পেজে নিজের সিভি আপলোড করে, কী ধরনের কাজ করতে চাও সে বিষয়ে উল্লেখ করে রাখতে পারো।

## নিজের এলাকাতেও অনেক সুযোগ

যাদের পক্ষে এই ভাবে প্রস্তুতি নেওয়া বা কাজ করা সম্ভব হচ্ছে না, তারা ব্যবসা শুরু করতে পারো। নিজের তৈরি জিনিসপত্র বা পাইকারি বাজার থেকে পণ্য কিনে এনে নিজের এলাকায় বিক্রি করা যায়। বাজারের চাহিদার জায়গাটি ধরতে পারলে ব্যবসা নিশ্চয়ই গতি পাবে। ব্যবসার জন্য জনসংযোগ প্রয়োজন। যত বেশি লোকজন তোমাকে চিনবে এবং তোমার কাজের কথা জানতে পারবে তত দ্রুত তোমার ব্যবসা বাড়বে। ভালো ব্যবহার, পণ্যের মান উঁচু এবং দাম নাগালের মধ্যে থাকলে তো কথাই নেই। দেখবে, প্রথমে তোমার চারপাশের পরিমণ্ডলে, তোমার নিজের এলাকাতেই মুখে মুখে তোমার পণ্যের সুখ্যাতি ছড়াচ্ছে। পরে স্থানীয় পরিচয়ের সূত্রে অনেক দূরের ক্রেতারাও আগ্রহ দেখাবেন।

তাই ওয়েবসাইট নেই, অনলাইন কাজ জানো না বলে থেমে থেকো না। নিজের এলাকাতেই ব্যবসার কাজ শুরু করো।

প্রকাশিত
মে, ২০২১
ভ্রমণ




এখন ঘরে বসে পড়ুন।
পরে বেরিয়ে পড়ুন।

কুলিকে পাখির রাজ্যে। আনলক পর্বে করবেটের জঙ্গলে। গাড়োয়ালের পথে। গুপ্ত বৃন্দাবন থেকে তপোবন। দলগাঁও থেকে চিসাং হয়ে পালা। কাংড়া উপত্যকা। তড়োবার বাঘ। মায়াবী মেক্সিকো। দার্জিলিং। ছ'দশক আগের কাশ্মীর।

আজই আপনার সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন।

মাস্ক আর স্যানিটাইজার কিন্তু আপনার কেরিয়ার কে বেকারত্বের অতিমারি থেকে সুরক্ষিত রাখতে পারবে না। তার জন্য দরকার সঠিক সহায়তা এবং কারিগরি প্রশিক্ষণ, যা আপনাকে সফল হতে সাহায্য করবে।

SHIVSWAY
Shaankar Sen Institute for Vocational Studies for Women & Youth

দেশের সব থেকে আধুনিক অনলাইন বৃত্তিমূলক প্রশিক্ষণ এখন আমাদের রাজ্যেই পাবেন, যা আপনাকে ইন্ডাস্ট্রি-ভিত্তিক বৃত্তিমূলক প্রশিক্ষণ দিয়ে চাকরী পাওয়ার সুযোগ সুনিশ্চিত করবে।

আরও জানতে আমাদের হেল্পলাইন নম্বর 94329 88508 -এ আজই যোগাযোগ করুন এবং বেকারত্বের অবসাদ কাটিয়ে চাকরী পাওয়ার সুখবর উপহার দিন আপনার পরিবারকে।

Certificate in Retail Sales Associates (CRSA)

Advance Certificate in Beauty Therapist

বিনামূল্যে অনলাইন কর্মশালায় অংশগ্রহণ করে ইন্ডাস্ট্রির বিশেষজ্ঞ, সিইও, কর্পোরেট এইচআর হেড-দের থেকে সরাসরি জেনে নিন কেরিয়ার টিপস্ ও চাকরী পাওয়ার সহজ, সুনিশ্চিত উপায়। এই সুবিধা পেতে নীচের QR Code-টি স্ক্যান করুন।

হেল্পলাইন নম্বর: 94329 88508
ই-মেল: info@shivsway.co.in

Supported by
SENCO GOLD & DIAMONDS

Program executed by
Zest Learning & Consulting LLP

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

54(d): দ্বিতীয় ট্রেনের আপেক্ষিক বেগ = (33 + 30) কিমি/ঘণ্টা = $\left(63\times\frac{5}{18}\right)$ মিটার/সেকেন্ড = $\frac{35}{2}$ মিটার/সেকেন্ড

দ্বিতীয় ট্রেনের দৈর্ঘ্য $\left(\frac{35}{2}\times10\right)$ মিটার = 175 মিটার।

55(a): নির্ণেয় ছাত্রের হার = [100 – (40 + 30 – 10)% = 40%.

56(d): 14 কিলোগ্রাম ইউরিয়া = $\left(14\times\frac{2}{7}\right)$ কিলোগ্রাম = 4 কিলোগ্রাম

এবং পটাশ = (14 – 4) কিলোগ্রাম = 10 কিলোগ্রাম

নতুন মিশ্রসারে ইউরিয়া : পটাশ = (4 + 2) : 10 = 3 : 5.

57(c): নির্ণেয় অনুপাত = $\frac{20}{100}$ = 1 : 5.

58(d): মিশ্রণে প্রথম ও দ্বিতীয় প্রকার চায়ের অনুপাত = (95.50 – 55.50) : (55.50 – 40.50) = 40 : 15 = 8 : 3.

59(b): অন্যান্য চারাগাছের সংখ্যা = 5000 × (100 – 5 – 1)% = 5000 × 94% = 4700.

60(b): প্রশ্নানুযায়ী, 7.2 × 1000 × x% = 18

বা, x% = 0.25%.

61(c): ব্যক্তির বেতনের 10% টাকা ব্যাঙ্কে জমা করার পর তার কাছে থাকে—

$5000\times\frac{10}{100}$ = 500 টাকা

∴ বাড়ি ভাড়া দেন অবশিষ্ট টাকার 4%

অর্থাৎ (5000 – 500)-এর 4%, অর্থাৎ $4500\times\frac{4}{100}$ = 180 টাকা।

62(d): অকৃতকার্য ছাত্রের হার = (40% + 30%) – 15% = 55%

সুতরাং, সফল ছাত্রদের হার = 100% – 55% = 45%.

63(a): প্রতি কিলোগ্রাম চায়ের নির্ণেয় ক্রয়মূল্য = $\frac{100\times29}{12+17}$ = 100 টাকা ও প্রাথমিক বিক্রয়মূল্য = $\frac{(100+12)\times29}{12+17}$ = 112 টাকা।

64(a): লাভ = 5 সেমি কাপড়ের দাম লাভের শতকরা পরিমাণ = $\frac{5}{95}\times100\%$ = 5.26%.

65(b): কাজটি একা করতে A-এর সময় লাগে = $\left(\frac{3+1}{3}\right)\times12$ = 16 দিন।

66(a): নির্ণেয় লোকসংখ্যা = $\frac{6(30-10)}{10}$ = 12 জন।

67(b): নির্ণেয় দূরত্ব = (40 + 50) × $2\frac{15}{60}$ = 202.5 কিমি।

68(b): A, C-কে পরাজিত করবে = (10 + 5) – $\frac{10\times5}{200}$ = 15 – 0.25 = 14.75 মিটারে।

69(c): ছিদ্র থাকার জন্য চৌবাচ্চাটি পূর্ণ হতে সময় লাগে = (8 + 2) = 10 ঘণ্টা

নির্ণেয় সময় = $\frac{(8\times10)}{(10-8)}$ = 40 ঘণ্টা।

70(c): নির্ণেয় সময় = $\frac{36}{5+1}$ = 6 মিনিট।

71(c): 869 – 653 = 216

1229 – 869 = 360 এবং 1229 – 653 = 576

নির্ণেয় সংখ্যা = 216, 360 এবং 576 এর গ.সা.গু. = 72.

72(c): 4, 5, 6, 7 ও 8 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = 4, 5, 6, 7 ও 8 এর ল.সা.গু.

= 8 × 7 × 5 × 3 = 840

840 = (64 × 13) + 8

(8 × 3) +2, 13 দ্বারা বিভাজ্য

নির্ণেয় সংখ্যা = (840 × 3) + 2 = 2522.

73(d): $3^{20}+3^{21}+3^{22}+3^{23}=3^{20}(1+3+3^2+3^3)$

$=3^{20}+(1+3+9+27)=3^{20}\times40$

40 সংখ্যাটি 10 দ্বারা বিভাজ্য হওয়ায় প্রদত্ত রাশিমালাটিও 10 দ্বারা বিভাজ্য হবে।

74(b): নির্ণেয় রানের গড় = 85 – 3 × (13 – 1) = 85 – 36 = 49.

75(d): জানলার কত অংশ রং করা বাকি আছে = 1 – 0.28 – 0.33 = 0.39

নির্ণেয় শতাংশ = 39%.

76(a): যদি x = 6 এবং y = 0 হয়, তবে 6560 সংখ্যাটি 10 দিয়ে বিভাজ্য এবং 656 সংখ্যাটি 8 দিয়ে বিভাজ্য

সুতরাং, 6560 সংখ্যাটি 80 দিয়ে বিভাজ্য

x + y = 6 + 0 = 6.

77(a): সংখ্যাটি হল 29.7 ÷ 3 = 9.9

সঠিক উত্তরটি হল, 9.9 ÷ 3 = 3.3.

78(a): নির্ণেয় সংখ্যা = (36, 48, 21 এবং 28-এর ল.সা.গু.) + 5

= (1008 + 5) = 1013.

79(d): 12, 16 ও 24 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = 12, 16 এবং 24 -এর ল.সা.গু. = 48

400 থেকে 500 এর মধ্যবর্তী 48 এর বৃহত্তম গুণিতক = 48 × 10 = 480.

80(a): ঘণ্টার কাঁটা ঘণ্টায় যায় 5 ঘর, মিনিটের কাঁটা ঘণ্টায় যায় 60 ঘর

নির্ণেয় অনুপাত = 5 : 60 = 1 : 12.

81(a); INJURY শব্দটি N দেওয়া শব্দের অক্ষর নয়।

82(a); DOG বা কুকুরকে যে ঘরে রাখা হয় তাকে বলে KENNEL। ঠিক সেরকম COW বা গোরু রাখার ঘরকে বলে BARN.

## কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

### সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দুয়ের পাতার পর*

∴ Money borrowed = Rs. 640.

66(d): Profit earned = SP – CP

From I, C.P = Rs. 60000

From III, S.P = Rs. 100000/-

Profit = 100000 – 60000 = Rs. 40000/-

Profit% = $\frac{40000}{60000}\times100$ = 66.67%.

67(c): From I, CI = Rs. 945.75

CI = Rs. 945.75, t = 3 years, r = ? P = not given

Difference = Principal = $\left(\frac{\text{Rate}}{100}\right)^2$

Difference = Rs. 15, r = ?

Principal = not known

From II, $\frac{P\times100}{P\times R\times3}=\frac{20}{3}\Rightarrow R=5\%$

∴ Only III is required

68(c): From I, A = $\frac{20}{100}\times C$ = 1.2 C

From II, B = $\frac{80}{100}\times C$ = 80 C

From III, B + C = 72

From I and II, A – B = 1.2 C – .8 C = .4

Similarly using II and III, I and III answer can be calculated.

69(d): From I, Total marks in Hindi, Geography and Economics = 65 × 3 = 195

From II, Hindi – Geography = 15

From III, Economics + Mathematics = 140

As number of unknown quantities is four and number of available equation is three, thus all three together are not sufficient.

70(a): From I, 1800 = $\frac{3000\times r\times3}{100}$, r = $\frac{1800\times100}{3\times3000}$ = 20%

∴ I alone is sufficient.

77(a): Average percent profit of company A

$=\frac{\text{Total percent profit of company A}}{\text{Number of years}}$

$=\frac{(11+9+4+7+12+14)}{6}\%=\frac{57}{6}=9.5\%$.

78(c): Difference between percent profit of company C in 2011 and in 2008 = 9 – 5 = 4

Increase is percent profit of company C in the year 2011 from 2008 = $\frac{4}{5}\times100$ = 80%.

79(d): Average percent profit of company E

$=\frac{10+12+12+14+13+14}{6}=\frac{75}{6}$

Average percent profit of company A = $\frac{11+9+4+7+12+14}{6}$

$=\frac{57}{6}$

Required Difference = $\frac{75}{6}-\frac{57}{6}=\frac{18}{6}$ = 3.

80(b): Maximum percent profit earned = 15

Minimum percent profit earned = 4

Required Difference = 15 – 4 = 11.

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

## সাধারণ মানসিক দক্ষতা

1. যদি কোনও বিশেষ ভাষায় BHUTAN = V2 and C4, NEPAL = V2 and C3 কোড করা হয় তাহলে VIETNAM = কী হবে?
(a) V2 and C4 (b) V3 and C4 (c) V3 and C3 (d) V4 and C4

2. সঠিক বিকল্পটি নির্বাচন করুন:
ঘড়িতে যখন 7 : 30 মিনিট তখন ঘণ্টার কাঁটা ঠিক দক্ষিণ-পশ্চিমদিকে অবস্থান করে তাহলে যখন 4 : 30 মিনিট তখন ঘণ্টার কাঁটা কোন দিকে অবস্থান করবে?
(a) উত্তর-পশ্চিম (b) দক্ষিণ-পশ্চিম (c) উত্তর-পূর্ব (d) দক্ষিণ-পূর্ব

3. যদি ‘+’ = ‘×’, ‘–’ = ‘÷’, ‘×’ = ‘–’, ‘÷’ = ‘+’ হয় তাহলে 19 + 10 ÷ 18 – 6 × 19 = কত হবে?
(a) 174 (b) 165 (c) 150 (d) 175

4. ‘?’ স্থানে সঠিক সংখ্যাটি বসান:




(a) 28 (b) 38 (c) 44 (d) 34

5. K, W, D, H, F, M ছয় বন্ধু একটি লম্বা বেঞ্চে বাঁদিক থেকে ডানদিকে ইংরেজি বর্ণমালার ক্রমানুসারে (Alphabetically) পাশাপাশি বসে, তাহলে নীচের কোন বিকল্পটি সঠিক নয়?
(a) W এবং K মাঝে M বসেছে (b) H-র বাঁদিকে D বসেছে (c) F-র ডানদিকে H বসেছে (d) বাঁদিক থেকে চার নম্বরে K বসেছে

6. নীচের কোন ভেনচিত্রটি ক্যালেন্ডার, বছর, তারিখ নির্দেশ করছে?



(a) (b) (c) (d)

7. X ও Y দু'জন স্বামী-স্ত্রী। R ও S দু'ভাই-বোন। R একমাত্র ছেলে এবং X তার বাবা হলে, Y-এর সঙ্গে S-এর সম্পর্ক কী হবে?
(a) বাবা-মেয়ে (b) মা-ছেলে (c) মা-মেয়ে (d) মামা-ভাগ্নে

8. একটি লাইনে নবীনের বাঁদিকে 53 জন এবং ডানদিকে 35 জন দাঁড়িয়ে ছিল। তাহলে লাইনে মোট কতজন দাঁড়িয়ে আছে?
(a) 84 (b) 90 (c) 89 (d) 87

9. BOWLER শব্দটির প্রথম ও দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ণ এবং পঞ্চম ও শেষ বর্ণগুলির যদি অদলবদল (interchange) করা হয় তাহলে ‘L’ কোন দু'টি বর্ণের মাঝে থাকবে?
(a) R ও B (b) B ও W (c) E ও R (d) W ও O

10. একটি লুডোর ছক্কার চারটি অবস্থান দেওয়া হয়েছে। ‘?’ চিহ্নে কোন সংখ্যাটি হবে?




(a) 5 (b) 3 (c) 1 (d) 4

**নির্দেশ (11 and 12):** *যদি কোনও ইংরেজি মাসের প্রথমদিন সোমবার হয় এবং শেষ দিন রবিবার হয় তাহলে নীচের প্রশ্নগুলির উত্তর দিন।*

11. মাসটিতে কতগুলি রবিবার হবে?
(a) 3টি (b) 2টি (c) 4টি (d) 3টি

12. কত দিনের এবং কোন মাসের নির্দেশ করছে?
(a) 30 days, April (b) 28 Days, February (c) 29 days, February (d) 31 days, December

13. নীচের শব্দটির অক্ষরগুলি ব্যবহার করে কোন শব্দটি লেখা যাবে না?
CHARACTER
(a) HEART (b) CRETE (c) TEACH (d) ACHIER

14. নীচের চারটি ছবির কোনটি আলাদা?



(a) (b) (c) (d)

*এরপর সাতের পাতায়*

83(a): কারণ পাতার রং সবুজ বা green আবার green বলতে বোঝায় apple.

84(c): বোনের ভাই অর্থাৎ নিজের ভাই

ভাই-এর বাবা অর্থাৎ নিজের বাবা

আবার বাবার একমাত্র ছেলে হল অঞ্জলীর ভাই।

85(b): 11 : 101 : : 73 : 703

এখানে শূন্যকে দু'টি digit এর মাঝখানে বসানো হয়েছে। তাই দ্বিতীয় নম্বরের ক্ষেত্রে একই পদ্ধতি অবলম্বন করা হয়েছে।

86(d): Newspaper অর্থাৎ সংবাদপত্র যা Press বা ছাপাখানায় তৈরি হয় একইভাবে Cloth যা Mile-এ তৈরি হয়।

87(c): Oxygen যেমন আগুন জ্বালাতে সাহায্য করে ঠিক তেমনই কার্বন ডাইঅক্সাইড আগুন নেভাতে সাহায্য করে।

এখানে Extenguish হল আগুন নেভাবে সাহায্য করে।

88(b): এখানে প্রথমক্ষেত্রে লেখা অক্ষরের set-এর অক্ষরগুলির একটিতে আরেকটির বিপরীতক্রমে লেখা আছে।

তাই—

| | |
|---|---|
| R — P | K — J |
| Q — T | L — N |
| T — Q | N — L |
| P — R | J — K |

89(b): প্রথমক্ষেত্রে দু'টি অক্ষরের set-এ প্রথম ও চতুর্থ অক্ষরের মধ্যে স্থান পরিবর্তন করা হয়েছে।

| | |
|---|---|
| C — R | T — D |
| H — H | A — A |
| J — J | R — R |
| R — C | D — T |

90(a): $5:\{(5^2-1)=24\}::8:\{(8^2-1)=63\}$.

91(b): দ্বিতীয় নম্বরটি প্রথম নম্বরের digit গুলির যোগফল

অর্থাৎ, 190 : (1 + 9 + 0) = 10 : : 102 : (1 + 0 + 2) = 3.

92(b): রুম— দরজা—চাবি—তালা।

93(c): Tirupati — Andhra Pradesh— India — World —Universe.

94(b): Snow বা বরফের রং সাদা বা White, আবার White বলতে Orange কে বোঝায়।

95(c): ছবি থেকে বোঝা যায় যে, 2-এর বিপরীতে 3, 4, 1, 4, 6 থাকবে না অতএব, 2-এর বিপরীতে 5 থাকবে।

97(c): Pen এবং Pencil দু'টিই এক-একটি Stationary goods কিন্তু Pen ও Pencil দু'টির আলাদা শ্রেণির।




98(d): কারণ— (5 × 3) + 4 = 19, (7 × 5) + 6 = 41, (6 × 4) + 5 = 29.

99(b): কারণ— $6^2+4=40$, $3^2+3=12$, $7^2+2=51$.

100(c): কারণ— $(5)^3+1=125+1=126$, $(6)^3+1=216+1=217$.

*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## সাধারণ মানসিক দক্ষতা

*ছয়ের পাতার পর*

15. সোমেনবাবু অফিস থেকে পূর্বদিকে সোজা 1.5 কিলোমিটার যাওয়ার পর বাঁদিকে 5 কিলোমিটার পথ গেলেন। অবশেষে আরও 1.5 কিলোমিটার বাঁদিকে বেঁকে বাড়ি ফেরেন। তার বাড়ি অফিসের কোন দিকে অবস্থিত?
(a) পশ্চিমদিকে (b) দক্ষিণদিকে (c) উত্তরদিকে (d) পূর্বদিকে

16. নীচের সংখ্যা-সারণীটির কোন সংখ্যাগুলির পরিসংখ্যা সমান?
4, 2, 3, 5, 8, 9, 4, 2, 3, 4, 2, 4, 2, 3, 4, 8, 2, 4, 3, 2, 4, 5, 2
(a) 6, 8 (b) 5, 3 (c) 6, 2 (d) 2, 4

17. নীচের কোন বিকল্পটি বিপরীতমুখী আয়নায় প্রতিফলিত হলে কোনও পরিবর্তন হবে না?
(a) ANANA (b) AYNYA (c) APEPA (d) AMUMA

18. যদি বিশেষ কোডে AMBULANCE = BNCVMBODF হয় তাহলে HOSPITAL = কী হবে?
(a) IPUQJKBO (b) IPTQJUBM (c) IOMQJUBO (d) IPTJQUBM

19. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:

| | | | |
|---|---|---|---|
| 22 | 44 | 66 | 88 |
| 11 | 22 | 33 | 44 |
| 33 | 66 | 99 | ? |

(a) 133 (b) 144 (c) 132 (d) 111

20. নীচের সিরিজের প্রথম পাঁচটি সংখ্যাকে 5 যোগ এবং শেষের তিনটি সংখ্যাকে 3 বিয়োগ করা হলে নীচের কোন সংখ্যা সিরিজটি হবে?
8 3 7 2 1 3 9 6 4
(a) 13812763613 (b) 13812736631 (c) 13817263631 (d) 13812763631

21. নীচের কোন তথ্যটি সঠিক নয়?
(a) INTERPOL : France (b) NATO : Belgium (c) OPEC : Vienna (d) BRICS : Beijing (Shanghai)

22. ইংরেজি অভিধান অনুসারে কোন শব্দটি প্রথমে আসবে?
(a) Prescriptive (b) Prescience (c) Prescription (d) Presentation

23. নীচের '?' ঘরে কোন সংখ্যাটি বসবে?

(a) 65 (b) 20 (c) 15 (d) 25

24. '?' স্থানে সঠিক সম্পর্কযুক্ত ফিগারটি বসান।

Question figure




Answer figure



(a) (b) (c) (d)

25. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:
13, 26, 40, 55, 71, ?
(a) 90 (b) 78 (c) 80 (d) 88

### উত্তর

1(b), 2(d), 3(a), 4(d), 5(b), 6(c), 7(c), 8(c), 9(b), 10(b), 11(c), 12(b), 13(d), 14(d), 15(c), 16(d), 17(d), 18(b), 19(c), 20(d), 21(d), 22(b), 23(d), 24(a), 25(d).

### সমাধান

1(b): BHUTAN = V2 and C4 = Vowels 2 and Consonants 4
NEPAL = V2 and C3 = Vowels 2 and Consonants 3
অতএব, VIETNAM = Vowels 3 Consonants 4 = V3 and C4.

2(d):




অতএব, ঘড়ির কাঁটা দক্ষিণ-পূর্বদিকে অবস্থান করবে।

3(a): $19 + 10 \div 18 - 6 \times 19 = 19 \times 10 + 18 \div 6 - 19$
$= 190 + 3 - 19 = 193 - 19 = 174.$

4(d): $10 + 13 + 17 + 16 = 56 \div 4 = 14$
$20 + 23 + 27 + 26 = 96 \div 4 = 24$
Same as $30 + 33 + 36 + 37 = 136 \div 4 = 34.$

5(b): D — F — H — K — M — W ∴ H-র বাঁদিকে D বসেছে।

6(c):




7(c):




∴ Y-এর সঙ্গে S-এর মা-মেয়ের সম্পর্ক।

8(c): $53 + 35 + 1 = 89$
∴ লাইনে মোট 89 জন দাঁড়িয়ে আছে।

9(b): B O W L E R
O B [L] W R E

10(b): 3.

11(c): 7, 14, 21, 28 তারিখগুলি রবিবার হবে।
∴ মাসটিতে 4টি রবিবার হবে।

12(b): 28 days, February.

13(d): ACH [I] ER শব্দটি লেখা যাবে না। কারণ মূলশব্দে I বর্ণটি নেই।

14(d): এখানে তিনটি ছবি চারটি লাইন দিয়ে তৈরি ফিগারের মধ্যে চারটি লাইন দিয়ে ক্রস হয়ে একটি বিন্দুতে মিলেছে কিন্তু (d) ছবিতে চারটি লাইন দিয়ে তৈরি ফিগারটির ভেতরে তিনটি লাইন ক্রস করেছে।

15(c):




∴ সোমেনবাবুর বাড়ি অফিসের উত্তরদিকে অবস্থিত।

16(d): 4, (2), 3, 5, 8, 9, 4, (2), 3, 4, (2), 4, (2), 3, 4, 8, (2), 4, 3, (2), 4, 5, (2)

17(d): AMUMA.

18(b): এখানে পরের অক্ষরটি কোড হিসেবে ব্যবহার হয়েছে।
HOSPITAL = IPTQJUBM.

19(c): $22 + 11 = 33$, $44 + 22 = 66$, $66 + 33 = 99$
Same as $88 + 44 = 132$.

20(d): 13812763631.

21(d): সবকটি সংস্থার সদর দপ্তর উল্লেখ হয়েছে কিন্তু BRICS-এর সদর দপ্তর Shanghai হবে।

22(b): ইংরেজি অভিধান অনুসারে Prescience শব্দটি প্রথমে আসবে।

23(d): একটি ঘরের সংখ্যার সঙ্গে বিপরীত ঘরের সংখ্যার যোগফল 60
$45 + 15 = 60$, $55 + 5 = 60$, $25 + 35 = 60$
একইভাবে 35 + (25) = 60.

24(a):

এখানে বর্গক্ষেত্রটি ঘড়ির কাঁটার বিপরীতে ও বৃত্তটি ঘড়ির কাঁটার দিকে একটি ঘরে অবস্থান করছে।

25(d):




প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল

## রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল
### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দুয়ের পাতার পর*

(a) Cu, Ni, Zn (b) Ag, Cu, Ni (c) Ag, Fe, Cu (d) Fe, Cu, Zn

31. কিছু টাকা A, B ও C-এর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হল যাতে A যদি 1 টাকা পায় তবে B পাবে 65 পয়সা এবং C পাবে 40 পয়সা। যদি C-এর ভাগে 8 টাকা হয় তবে মোট টাকার পরিমাণ কত?
(a) 65/- (b) 41/- (c) 65/- (d) 72/-

32. পৃথিবীর কেন্দ্রে অবস্থিত কোনও বস্তুর ওজন হল:
(a) সর্বাধিক (b) শূন্য (c) ভূ-পৃষ্ঠের ওজনের অর্ধেক (d) কোনওটাই নয়

33. কোন তাপমাত্রায় ফারেনহাইট ও সেলসিয়াস স্কেলের পাঠ একই হবে?
(a) $100^{\circ}$ (b) $-40^{\circ}$ (c) $32^{\circ}$ (d) $273^{\circ}$

34. একটি দুর্গে 1200 জন লোক আছে এবং তাহাদের 60 দিনের খাদ্যদ্রব্য মজুত আছে। 15 দিন পরে 300 জন লোক দুর্গ ছেড়ে চলে যায়। অবশিষ্ট খাদ্যদ্রব্যে অবশিষ্ট লোকের কতদিন চলবে?
(a) 45 দিন (b) 60 দিন (c) 75 দিন (d) 30 দিন

35. একজন হকার টাকায় 4টি করে দরে কমলালেবু কিনে টাকায় 5টি দরে বিক্রি করলে তাঁর ক্ষতি হবে:
(a) 20% (b) 25% (c) 50% (d) 100%

36. একটি বাক্সে 384টি মুদ্রা আছে। যদি এক টাকার মুদ্রা, 50 পয়সার মুদ্রা ও 25 পয়সার মুদ্রার অনুপাত 2 : 3 : 7, তবে বাক্সে মুদ্রায় মোট মূল্য হবে:
(a) 170 টাকা (b) 168 টাকা (c) 186 টাকা (d) 180 টাকা

37. শব্দ কার মধ্যে দিয়ে যেতে পারে না?
(a) বায়ু (b) জল (c) শূন্য (d) ধাতব দণ্ড

38. কোনটি তড়িৎচুম্বক তৈরিতে ব্যবহৃত হয়?
(a) পেটা লোহা (b) ইস্পাত (c) ঢালাই লোহা (d) সবক'টি

### উত্তর

1(a), 2(d), 3(c), 4(b), 5(d), 6(b), 7(c), 8(b), 9(d), 10(b), 11(a), 12(c), 13(b), 14(d), 15(b), 16(c), 17(b), 18(d), 19(d), 20(b), 21(b), 22(b), 23(a), 24(b), 25(b), 26(b), 27(b), 28(c), 29(a), 30(a), 31(b), 32(b), 33(b), 34(b), 35(a), 36(b), 37(c), 38(a).

এরপর আগামী সংখ্যায়
প্রস্তুত করেছেন: সাগর রায়

## রাজ্যের ৭২৩৭ আসনে নার্সিংয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি
### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দুয়ের পাতার পর*

(a) Emulates (b) Mobilises (c) Motivates (d) Improvises

55. You must try to be ____ for the appointment.
(a) on time (b) at time (c) over time (d) Before time

56. She went to office ____ six months.
(a) for (b) since (c) until (d) till

57. I sat ____ the table to eat.
(a) on (b) in (c) at (d) by

58. The fireworks display was so bright that it ____ the sky.
(a) Illuminated (b) Decorated (c) Polluted (d) Coloured

59. A group of goats is known as:
(a) Herd (b) Heard (c) Hard (d) Hoard

60. In times of crisis, people usually think ____ God.
(a) of (b) about (c) with (d) over

### লজিক্যাল রিজনিং

61. পরবর্তী সংখ্যাটি নির্ণয় করুন:
5, 8, 14, 26, 50, ____
(a) 96 (b) 68 (c) 70 (d) 98

62. 5 : 100 : : 7 : ?
(a) 91 (b) 98 (c) 49 (d) 196

63. aa ___ bccaabbc ___ a ___ b ___ cc
(a) ccaa (b) bcca (c) abab (d) bcab

64. 2 : 32 : : 3 : ?
(a) 183 (b) 143 (c) 243 (d) 293

65. 15, 39, 74, 122, ?, 265
(a) 171 (b) 185 (c) 151 (d) 165

### উত্তর

32(b), 33(c), 34(a), 35(a), 36(a), 37(b), 38(c), 39(b), 40(b), 41(a), 42(a), 43(d), 44(a), 45(a), 46(a), 47(d), 48(d), 49(b), 50(b), 51(b), 52(c), 53(b), 54(c), 55(a), 56(a), 57(c), 58(a), 59(a), 60(a).

### সমাধান

35(a): $M = 2D \therefore 25 \times 2 = 50.$

41(a) $45 - [28 - \{37 - (15 - x)\}] = 58$
$\Rightarrow 45 - [28 - \{37 - 15 + x\}] = 58$
$\Rightarrow 45 - [28 - \{22 + x\}] = 58$
$\Rightarrow 45 - [28 - 22 - x] = 58 \Rightarrow 45 - [6 - x] = 58$
$\Rightarrow 45 - 6 + x = 58 \Rightarrow 39 + x = 58$
$\Rightarrow x = 58 - 39 = 19.$

42(a): $(a^3 + b^3) = (a + b)(a^2 - ab + b^2)$
$(a^4 - b^4) = (a - b)(a + b)(a^2 + b^2)$
$\therefore$ H.C.F $= (a + b)$

$$\text{L.C.M} = \frac{(a^3 + b^3)(a - b)(a + b)(a^2 + b^2)}{a + b}$$

$= (a^3 + b^3)(a^2 + b^2)(a - b).$

43(d): $2^{x-1} + 2^{x+1} = 320$
$\Rightarrow 2^{x-1}(1 + 2^2) = 320 \Rightarrow 2^{x-1} = \frac{320}{5} = 64 = 2^6 \Rightarrow x - 1 = 6, x = 7.$

44(a): ধরা যাক, $\frac{7}{8} = a$ এবং $\frac{5}{6} = b$

$$\therefore \frac{a^2 + b^2 + 2ab}{a^2 - b^2} = \frac{(a + b)^2}{(a + b)(a - b)} = \frac{a + b}{a - b}$$

a ও b-এর মান বসিয়ে পাই,

$$\frac{\frac{7}{8} + \frac{5}{6}}{\frac{7}{8} - \frac{5}{6}} = \frac{\frac{21+20}{24}}{\frac{21-20}{24}} = \frac{41}{24} \times 24 = 41.$$

45(a): গড় গতিবেগ $= \frac{2xy}{x + y} = \frac{2 \times 50 \times 60}{50 + 60} = \frac{50 \times 60}{55} = \frac{3000}{55}$
$= \frac{600}{11} = 54\frac{6}{11}$ কিলোমিটার।

61(d): $5 \xrightarrow{+3} 8 \xrightarrow{+6} 14 \xrightarrow{+12} 26 \xrightarrow{+24} 50 \xrightarrow{+48} \boxed{98}$

62(d): $5 \Rightarrow (5)^2 = 25 \Rightarrow 25 \times 4 = 100$
$7 \Rightarrow (7)^2 = 49 \Rightarrow 49 \times 4 = 196.$

63(d): aa_b_bcc/aabbc_c_/a_a_b_b_cc

64(c): $(2)^5 = 32$, $(3)^5 = 243$

65(b):




প্রস্তুত করেছেন: সাগর রায়

# কী পড়বেন, কোথায় পড়বেন

## টুল অ্যান্ড ডাই মেকিং এবং মেকাট্রনিক্সের ডিপ্লোমা

টুল অ্যান্ড ডাই মেকিং এবং মেকাট্রনিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার এম এস এম ই টুল রুম। কোর্সের মেয়াদ যথাক্রমে ৪ বছর ও ৩ বছর। কোর্স শুরু হবে অগস্টে।

**শিক্ষাগত যোগ্যতা:** ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মাধ্যমিক। ২০২১-এর প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**বয়স:** ১-৮-২০২১ তারিখে ১৫ থেকে ১৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং অস্থি-সংক্রান্ত প্রতিবন্ধীরা ২ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ৩০ জুন।

আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.msmetoolroomkolkata.com আবেদনের সময় প্রার্থীর রঙিন ফটো আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয়ভাবেই।

আবেদনের শেষ তারিখ ২৬ জুন।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। ফোন নম্বর: ৯৩৩০১-৯৩৩০৪, ৯০৩৮৩-৯২২৩৬, ৯৮৩০৪-৮৭১৭৯।

# নতুন প্রযুক্তির মাস্ক তৈরি করা শিখে রোজগার করুন

*প্রথম পাতার পর*

সপ্তাহে তিন দিন ক্লাস।

**প্রশিক্ষণ ফি:** ৪,০০০ টাকা।

**প্রশিক্ষণ ও স্পেকট্রামের মাস্ক কিনে ব্যবসার জন্য যোগাযোগ:** ৭৩, সীতানাথ বোস লেন, সালকিয়া, হাওড়া-৭১১ ১০৬। ফোন: ৯৮৩৬৪-৮৬৯৩২, ৯৮৩০৯-৯০৬২১।

সংস্থার তরফে জানানো হয়েছে, ব্যবসা করার সময় প্রতিষ্ঠানের প্রাক্তন ছাত্রছাত্রীরা উৎপাদন বা ব্যবসা সংক্রান্ত কোনও সমস্যায় পড়লে সম্পূর্ণ বিনামূল্যে তাঁদের পরামর্শ দেওয়া হয় এবং সমস্যার সমাধান করা হয়।



## সম্পূর্ণ দেশীয় প্রযুক্তি, উপাদানও সহজলভ্য

**সঞ্জয় ঘোষ**
*কর্ণধার, স্পেকট্রাম কনসালট্যান্টস*

মাস্ক পরে শ্বাসজনিত কষ্ট হয়, অস্বাচ্ছন্দ্য বাড়ে— এই কথাগুলি বারবার শোনা এবং দেখা। ফলে একটি নতুন ধরনের মাস্ক নির্মাণের চিন্তা মাথায় আসে। বায়ুর শুদ্ধিকরণের সঙ্গে কোনও সমঝোতা না করে কী ভাবে এই মাস্ক তৈরি করা যায় তা নিয়ে গত প্রায় এক বছর যাবৎ গবেষণা করেছে স্পেকট্রাম কনসালট্যান্টস এবং পরিশেষে একটি সম্পূর্ণ এয়ারকুলড মাস্ক বানাতে সক্ষম হয়েছে।

এই মাস্ক 3M 8210-N95 টাইপ অতি উৎকৃষ্ট মানের মেডিকেটেড বেস-এর উপর বৈদ্যুতিক মডিউল বসিয়ে অত্যন্ত সহজ পদ্ধতিতে নির্মাণ করা হয়েছে এবং একবার চার্জেই যথেষ্ট সময় ধরে এটি ব্যবহার করা যায়। এয়ারকুলড এবং এ ধরনের মাস্ক আরও গবেষণাপুষ্ট হয়ে ভবিষ্যতে আরও উপযোগী এবং জনপ্রিয় হয়ে উঠবে বলেই আশা করছি। এই মাস্ক তৈরির সময় আমরা জার্নাল অব ইনফেকশাস ডিজিজেস অ্যান্ড এপিডেমোলজি, ইন্টারন্যাশনাল জার্নাল অব এনভায়রনমেন্টাল রিসার্চ অ্যান্ড পাবলিক হেলথ, মেরিল্যান্ড ইউনিভার্সিটি এবং ইউনিভার্সিটি কলেজ অব লন্ডন থেকে প্রকাশিত বিভিন্ন তথ্য অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিশ্লেষণ করেছি। এই মাস্ক ব্যবহারের ফলে সব বয়সের মানুষই যথেষ্ট উপকৃত হবেন, সুস্থ থাকবেন এবং স্বাভাবিক ভাবে কাজ করতে পারবেন।

এয়ারকুলড মাস্ক বানানোর পরে এয়ার কন্ডিশন্ড মাস্ক বানানোর পরিকল্পনাও মাথায় আসে। স্বয়ংক্রিয় ভাবে গরম ও ঠান্ডা রাখার পদ্ধতি আমাদের মতো গ্রীষ্মপ্রধান জলবায়ুর পক্ষে অত্যন্ত উপযোগী। অতি উন্নত মানের সলিড স্টেট প্রযুক্তি এই মাস্কে ব্যবহৃত হয়েছে।

উভয় প্রকার মাস্কের ক্ষেত্রেই আমরা পালস উইডথ মডিউলেশন (পি ডব্লু এম) প্রযুক্তি ব্যবহার করেছি।

পরিশেষে জানাই, এই মাস্কগুলি নির্মাণের উপাদান আমাদের দেশে সহজলভ্য এবং প্রযুক্তি সম্পূর্ণ ভাবে দেশীয়।

করোনা অতিমারির জেরে গোটা দেশ নজিরবিহীন অর্থনৈতিক দুর্যোগের মুখোমুখি হয়েছে। এই দুর্যোগ সামাল দিতে নিজস্ব পদ্ধতিতে পণ্য উৎপাদন, বিপণন এবং রপ্তানি অতীব গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে বিপুল কর্মসংস্থান সম্ভব।

সাধারণ স্কুলশিক্ষা পেয়েছেন এমন যে-কেউ প্রশিক্ষণ নিয়ে একক ভাবে বা অনেকে মিলে এই নতুন ধরনের মাস্ক উৎপাদন ও বিপণন করতে পারেন। স্পেকট্রাম কনসালট্যান্টস এই নতুন ব্যবসা-উদ্যোগীদের দিকে সম্পূর্ণ সহযোগিতার হাত বাড়িয়ে দিচ্ছে।

# অনলাইনে নিখরচায় ডিজিটাল মার্কেটিং, অনলাইন রিসেলিং-সহ বিভিন্ন ধরনের ব্যবসা-সহ স্বনির্ভর হওয়ার একাধিক প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** স্যানিটেশন, বৈদ্যুতিন সরঞ্জাম মেরামত, স্বাস্থ্যপরিষেবা, অনলাইন রিসেলিং ও ডিজিটাল মার্কেটিং-সহ বিভিন্ন বিষয়ে অনলাইন প্রশিক্ষণের আয়োজন করেছে জেড ডব্লু আই ইকোলজিক্যাল সলিউশন ট্রাস্ট। শিক্ষাগত যোগ্যতা ও বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই। তবে আগ্রহীদের ফোনে বা কম্পিউটারে ইন্টারনেট কানেকশন থাকতে হবে।

তারিখ অনুসারে অনলাইন প্রশিক্ষণের বিবরণ: **অনলাইন রিসেলিং ও ডিজিটাল মার্কেটিং**। ১২ মে, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

**স্যানিটেশন ও বৈদ্যুতিন সরঞ্জাম মেরামত পরিষেবা**। ১৫ মে, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

**হোম ডেলিভারি অব ফুড এবং গ্রসারি সেলস সার্ভিস**। ২২ মে, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

**ক্যুরিয়ার অ্যান্ড হেলথ কেয়ার সার্ভিসেস**। ২৯ মে, সন্ধ্যা ৭টা-রাত ৮টা।

সংস্থার সহ-প্রতিষ্ঠাতা শুভম দাস কর্মক্ষেত্র-কে জানালেন, ওয়েবিনারে অংশগ্রহণ করতে আগ্রহীদের থেকে কোনও ফি নেওয়া হবে না। প্রার্থীরা ব্যবসা শুরু করতে আগ্রহী হলে সেই-সংক্রান্ত সহায়তাও প্রদান করা হবে বলে জানালেন তিনি।

রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://amuktika.com/training

খুঁটিনাটি তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৭৫৪-৫৮৪০১, ৮৯৬১৩-৮১৩৮৯। আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: https://zerowasteindia.info




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in